

আর্থিক সাক্ষরতা

স্বনির্ভর গোষ্ঠীর জন্য

প্রশিক্ষকদের পুস্তিকা



National Academy of RUDSETI

Sponsors: SDME Trust, Syndicate Bank & Canara Bank



Training Sponsored by
MINISTRY OF RURAL DEVELOPMENT
GOVERNMENT OF INDIA



আর্থিক সাক্ষরতার পঞ্চসূত্র

- ১) জীবনের বিভিন্ন সময়ের প্রয়োজনের জন্য আর্থিক পরিকল্পনা
- ২) উপযুক্ত পরিমাণে খরচ করা
- ৩) বুদ্ধিমানের মতো সঞ্চয় করা
- ৪) চিন্তা ভাবনা করে খরচ নেওয়া
- ৫) বীমা এবং পেনশন



নিজের আর্থিক উন্নতি এবং ভাল গুণমানের জীবনের
জন্য স্বনির্ভর গোষ্ঠীর প্রত্যেক সদস্যকে এই পাঁচটি
সূত্র মেনে চলতে হবে

স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের জন্য আর্থিক সাক্ষরতা প্রশিক্ষকদের পুস্তিকা

ভূমিকা

ভারত সরকারের, গ্রামোন্নয়ন মন্ত্রক, ২০১৩ সালের এপ্রিল মাসে দীন দয়াল অন্তোদয়া যোজনা-ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশন (DAY-NRLM) আরম্ভ করেছে। এটি হল মন্ত্রকের প্রধান যোজনা এবং এটির উদ্দেশ্য হল আর্থিক পরিষেবা প্রদান করার মাধ্যমে গ্রামীণ দারিদ্রতার হার কমানো। স্বনির্ভর গোষ্ঠী, গ্রামীণ স্তরের স্বনির্ভর গোষ্ঠী এবং ক্লাস্টার স্তরের সংস্থা ইত্যাদির মতো কার্যকরীভাবে সক্রিয় সামাজিক মালিকানাধীন সংস্থার আওতায় দরিদ্রদের নিয়ে আসার জন্য এই যোজনা যথেষ্ট প্রয়াস চালিয়ে যাচ্ছে। গোষ্ঠীদের আবশ্যিক প্রয়োজনগুলি বুঝে, এটি তাদের সাথেই কাজ করে। সমাজের সমস্ত নিম্ন স্তরের এবং বঞ্চিত সম্প্রদায়কে সম্পূর্ণভাবে আর্থিক ক্ষেত্রে অন্তর্ভুক্ত (এফআই) করার জন্য গুরুত্ব দেওয়া হয়।



গ্রামীণ পরিবারের মধ্যে আর্থিক নিরক্ষতার কারণে খারাপ আর্থিক ব্যবস্থাপনাকে গ্রামীণ এলাকায় দারিদ্রতার সর্বাধিক হারের কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। সুতরাং রিজার্ভ ব্যাঙ্ক, নার্বার্ড, ব্যাঙ্ক, কো-অপারেটিভ এবং বিভিন্ন এনজিওগুলি গ্রামীণ লোকদের জন্য বিভিন্ন আর্থিক সাক্ষরতা এবং সচেতনতা কর্মসূচি আরম্ভ করেছে।

আর্থিক সাক্ষরতায় সরকারের প্রয়াসকে আরও মজবুত করার জন্য, ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক, ন্যাশনাল অ্যাকাডেমি অফ রুডসেটি-এর সঙ্গে একটি চুক্তি করেছে। এই চুক্তিটি আর্থিক সাক্ষরতার সম্পর্কে প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করার জন্য করা হয়েছে এবং এর উদ্দেশ্য হল গরীব মানুষদের এবং গরীব মানুষদের সংস্থার ক্ষমতা নির্মাণ করা। ন্যাশনাল অ্যাকাডেমি-কে সারা দেশের মধ্যে মাস্টার প্রশিক্ষকদের দলকে প্রশিক্ষণ দেওয়ার এবং RSETI-এর মাধ্যমে সিআরপি-দের এফএল প্রশিক্ষণ পরিচালনার পর্যবেক্ষণ করার দায়িত্ব দেওয়া হয়েছে।

জেলা স্তরে (RSETI ডিরেক্টর, এফএলসিএস এবং এসআরএলএম আধিকারিকদের) এই প্রশিক্ষকদের দল থেকে নির্বাচিত এই মাস্টার প্রশিক্ষকদের স্ট্যান্ডার্ড প্রশিক্ষণ সামগ্রী ব্যবহার করে প্রশিক্ষণ দেওয়া হয়। স্বনির্ভর গোষ্ঠীর প্রয়োজনের উপযুক্ত হওয়ার জন্য গ্রামীণ স্তরের প্রশিক্ষণ সামগ্রীগুলি সঙ্গত করা অত্যাবশ্যিক। অতএব, আর্থিক সাক্ষরতার পাঠ্যক্রমগুলিকে ছবিসম্পন্ন বর্ণনায় এবং কাজ ভিত্তিক শিক্ষণে পরিবর্তন করা হয়েছে। স্বনির্ভর গোষ্ঠীর জন্য আয়োজিত সভায় পোস্টার হিসেবে ছবি সহ বর্ণনা দেখাতে হবে। তার পর ধারণাগুলির ছবি ব্যবহার করে তা বোঝাতে হবে।

রিজার্ভ ব্যাঙ্ক, নার্বার্ড, ব্যাঙ্ক, আইএসএমডব্লু ইত্যাদির মতো উৎস থেকে তথ্য ব্যবহার করে এই পোস্টারগুলি তৈরি করা হয়েছে। ন্যাশনাল অ্যাকাডেমি ধন্যবাদের সাথে এই সমস্ত উৎসগুলি অনুমোদন করেছেন। এখানে উল্লেখিত বিষয়বস্তু স্বনির্ভর গোষ্ঠীর প্রশিক্ষণের জন্য FL-CRPকে ব্যবহার করতে হবে।

স্বনির্ভর গোষ্ঠীর কাছে পোস্টার ব্যাখ্যা করার জন্য FL-CRP-কে এই পুস্তিকাটি ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে পরামর্শ ও মতামত বাঞ্ছনীয়।

বিনীত

তারিখ: ০১-০৮-২০১৮

স্থান: বেঙ্গালুরু

আর আর সিংহ

ডিরেক্টর জেনারেল

সূচীপত্র

ক্র. সং.	আর্থিক সাক্ষরতার ক্ষেত্রসমূহ	বিষয়	পৃষ্ঠা সং	পোস্টার সং
১	আর্থিক পরিকল্পনা	I. জীবনের বিভিন্ন সময়ে দারিদ্রতা II. ভবিষ্যতের পরিকল্পনা III. পরিকল্পনা করে ব্যয় করা	৬-৭ ৮-৯ ১০-১১	১ ২ ৩
২	উপযুক্ত পরিমাণে ব্যয় করা	I. বুদ্ধিমানের মতো ব্যয় করা II. প্রয়োজন, দরকারের জন্য ব্যয় করা এবং বদভ্যাস	১২-১৩ ১৪-১৫	৪ ৫
৩	বুদ্ধিমানের মতো সঞ্চয় করা	I. সুব্যবস্থিত সঞ্চয় II. সঞ্চয় নিরাপদ হওয়া উচিত III. সঞ্চয় থেকে যেন আরও বেশি আয় হয়	১৬-১৭ ১৮-১৯ ২০-২১	৬ ৭
৪	চিন্তা ভাবনা করে ধার নেওয়া	I. ধার নেওয়ার উদ্দেশ্য II. ভুল ধার বনাম বুদ্ধিসম্পন্ন ধার III. ধারের বোঝা IV. কোথা থেকে ধার নিতে হবে V. আপনার ধার নেওয়ার খরচ জানুন	২২-২৩ ২৪-২৫ ২৬-২৭ ২৮-২৯ ৩০-৩১	৮ ৯ ১০ ১১
৫	বীমা এবং পেনশন	I. বীমা এবং অপ্রত্যাশিত ঘটনা II. সামাজিক সুরক্ষা যোজনা - বীমা এবং পেনশন	৩২-৩৩ ৩৪-৩৫	১২ ১৩
৬	নতুন ব্যাঙ্কিং অভ্যাস	I. ডিজিটাল/নগদহীন ব্যাঙ্কিং II. আপনার সুবিধে মতো ব্যাঙ্কিং	৩৬-৩৭ ৩৮-৩৯	১৪ ১৫
৭	ভাল ব্যাঙ্কিং অভ্যাস	I. সাপ এবং সিঁড়ি খেলা II. সাপ এবং সিঁড়ি খেলার বিষয় III. সাপ এবং সিঁড়ি খেলার বোর্ড	৪০-৪১ ৪১-৪৩ ৪৪	
৮	ভারত সরকারের সামাজিক সুরক্ষা যোজনা	I. এবিওয়াই - স্বাস্থ্য বীমা পলিসি II. পিএমজেজেবিওয়াই- মেয়াদী বীমা পলিসি III. পিএমএসবিওয়াই- অ্যান্ডিডেন্ট ইন্সুরেন্স পলিসি IV. এপিওয়াই - পেনশন স্কীম	৪৫ ৪৬ ৪৭ ৪৮-৪৯	
৯	অ্যানেক্সার	I. আর্থিক সাক্ষরতার ব্যাপারে সচরাচর জিজ্ঞাস্য II. উত্তর	৫০-৫৩ ৫৪	

এই পুস্তিকা কী ভাবে ব্যবহার করবেন

- প্রতিটি ক্লাসে কোন নির্দিষ্ট বিষয়ে আলোচনা করা হবে তা ব্যাখ্যা করুন
- এই বিষয়ের সাথে সম্পর্কিত পোস্টারগুলি বের করুন
- পোস্টারগুলি দেখার জন্য উপযুক্ত ব্যবস্থা করুন যেমন কয়েকটি পেরেক / স্টিকার / সেলো-টেপ ব্যবহার করুন। পোস্টার লাগানোর জন্য বুলবুল ব্ল্যাক বোর্ড-পোস্টারও ব্যবহার করা যেতে পারে
- পোস্টারের ওপর নির্দিষ্ট জায়গা দেখানোর জন্য একটি ভাল লাঠি (প্রায় ৩' থেকে ৪') ব্যবহার করুন
- ক্রম অনুযায়ী একের এক পোস্টার দেখান
- একটি নির্দিষ্ট পোস্টার দেখানোর জন্য সময় স্থির করুন
- পুস্তিকার বর্ণনা অনুযায়ী পোস্টারগুলি ব্যাখ্যা করুন
- A4 সাদা কাগজে ওয়ার্কশিট/প্রশ্নাবলী দিন
 - আপনার খরচার পরিকল্পনা করুন
 - বিভিন্ন অর্থরাশি/হারের জন্য সাধারণ সুদ/চক্রবৃদ্ধিহারে সুদ গণনা করুন
 - বিভিন্ন অর্থরাশি/হারের জন্য ক্ল্যাট এবং হ্রাসপ্রাপ্ত ভিত্তিতে লোনের ওপর সুদ গণনা করুন

আর্থিক পরিকল্পনা - I

পোস্টার - ১ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

অংশগ্রহণকারীদের আর্থিক অবস্থান উন্নত করার জন্য আর্থিক পরিকল্পনার প্রয়োজনের গুরুত্বের ব্যাপারে তাদেরকে বোঝানো।

II. পদক্ষেপ:

১. ক্লাসের মধ্যে প্রদর্শিত “জীবনের বিভিন্ন স্তরে দারিদ্রতা”র পোস্টারের ওপর অংশগ্রহণকারীদের মনযোগ আকর্ষণ করুন।
২. চার্টের সমস্ত ছবি একের পর এক দেখিয়ে জিজ্ঞাসা করুন এটি কোন বিষয়ে।
৩. কোন কোন ব্যক্তিদের জীবনের পরিস্থিতি একই রকম তা জিজ্ঞাসা করুন।
৪. সাধারণত অনেকজন ব্যক্তি এসে বলবেন যে তারা প্রায়ই উপরোক্ত পরিস্থিতির সম্মুখীন হয়ে থাকেন এবং ঘন ঘন আর্থিক অভাবের কষ্টে ভুগছেন।
৫. তারা বুঝতে পারেন যে সমস্ত লোকেরাই এরকম একটি বা তার চেয়ে বেশি পরিস্থিতির মধ্যে পড়েছেন এবং অর্থের অভাবে ভুগছেন।
৬. তাদেরকে জিজ্ঞাসা করুন – এই অবস্থা থেকে কীভাবে বেরিয়ে আসবেন এবং কারা বেরিয়ে আসার জন্য প্রস্তুত?
৭. যে সমস্ত ব্যক্তির ধারণা নিয়েছেন কিন্তু এই অবস্থা থেকে এখনও বেরিয়ে আসতে পারছেন না তাদের কাহিনী/অভিজ্ঞতার ব্যাপারে বলুন।
৮. তাদেরকে বলুন যে যতক্ষণ না তারা তাদের চিন্তাধারা এবং আর্থিক অভ্যাস পরিবর্তন করছেন, দারিদ্রতার এই অবস্থার থেকে বেরিয়ে আসার জন্য কেউ তাদেরকে সাহায্য করতে পারবে না।

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা বুঝতে পারেন যে তাদের সবারই আর্থিক অবস্থা খুব খারাপ এবং তাদের চিন্তাধারা ও আর্থিক অভ্যাস বদলানোর প্রয়োজন আছে।

মূল বক্তব্য

- ১) ভবিষ্যতের জন্য আর্থিক পরিকল্পনা মেনে চললে আপনি একাই নিজের জীবনে পরিবর্তন আনতে পারবেন।
- ২) গরিবদের জন্য আর্থিক পরিকল্পনা বেশি প্রয়োজনীয়, কারণ তাদের কাছে খুব সীমিত টাকা থাকে এবং তাদের প্রয়োজন খুব বেশি।



আর্থিক পরিকল্পনা - I

পোস্টার - ১

জীবনের বিভিন্ন স্তরে “দারিদ্রতা চক্র”



কম আয় হওয়া সত্ত্বেও
সামাজিক বাধ্যবাধকতা



বেশি সুদের হারে ধার নেওয়া
এবং সম্পত্তি বন্ধক রাখা



আপৎকালীন পরিস্থিতি - প্রাকৃতিক
দুর্যোগ, ফসল নষ্ট হওয়া, ফসলের
দাম কমে যাওয়া...



দিন মজুর -
কম, অনিয়মিত আয়



অপ্রত্যাশিত প্রয়োজন -
যেমন হঠাৎ অসুস্থতা



কোনও সঞ্চয় নেই, অতিরিক্ত ধার

আর্থিক পরিকল্পনা বিহীন জীবন

পোস্টার – ২ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

অংশগ্রহণকারীদেরকে নিজে থেকেই আর্থিক লক্ষ্য স্থির করা এবং পরিকল্পনা আরম্ভ করার জন্য/এটির ওপর কাজ করার জন্য উৎসাহিত করা।

II. পদক্ষেপ:

১. একজন ব্যক্তি নিজের জন্য কীভাবে লক্ষ্য স্থির করবে, সেটির উদাহরণ দেওয়ার জন্য একটি পোস্টার দেখান।
২. ৩ ধরনের লক্ষ্যের প্রকৃতি এবং গুরুত্ব ব্যাখ্যা করুন – স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী।
৩. তাদেরকে নিজের জন্য লক্ষ্য স্থির করতে এবং আবশ্যিক অর্থরাশি হিসেব করার জন্য উৎসাহিত করুন।
৪. তাদেরকে পোস্টার: ২ দেখান এবং তাদেরকে নিজের মনে কয়েকটি স্বল্প মেয়াদী/মধ্য মেয়াদী লক্ষ্য এবং সেগুলির জন্য প্রয়োজনীয় অর্থ হিসেব করতে বলুন।
৫. এটি অর্জন করার জন্য প্রতি মাসে/সপ্তাহে তাদেরকে কতটা পরিমাণ সঞ্চয় করতে হবে তা জিজ্ঞাসা করুন।
৬. পোস্টারের নিচের দিকে প্রদত্ত বিভিন্ন সূত্রের মাধ্যমে আর্থিক পরিকল্পনা ব্যাখ্যা করুন।
৭. নিম্নলিখিত নতুন জিনিস নেওয়ার কথা মনে হলে পরিকল্পনা করার ইচ্ছে হয়।
 - (i) সম্পত্তি কেনার কথা মনে হলে
 - (ii) এটির কত দাম তা অনুমান করার সময়
 - (iii) সঞ্চয়ত কোনও উপলব্ধ অর্থ
 - (iv) কত টাকার ব্যবস্থা করতে হবে এবং সেই অর্থ যোগাড় করার জন্য কত মাস সময় লাগবে

III. ফলাফল:

তারা এখন তাদের লক্ষ্য, প্রতি মাসে/সপ্তাহে এবং নিয়মিতভাবে দৈনিক ভিত্তিতে কত টাকা সঞ্চয় করার প্রয়োজন আছে সে ব্যাপারে স্পষ্ট ভাবে বুঝেছেন।

মূল বক্তব্য

- ১) আর্থিক পরিকল্পনার প্রথম পদক্ষেপ হল লক্ষ্য স্থির করা এবং এটি কীভাবে অর্জন করা যায় সে ব্যাপারে চিন্তা করা।
- ২) আর্থিক পরিকল্পনার জন্য লক্ষ্য স্থির করার উদ্দেশ্যে পরিবারের সমস্ত সদস্যদেরকে যোগ দিতে বলুন।
- ৩) লক্ষ্য অর্জন করার জন্য আনুমানিক অর্থ স্থির করতে হবে এবং সঞ্চয়/ধারের ব্যাপারে পরিকল্পনা করতে হবে।
- ৪) আয় এবং গুরুত্ব অনুযায়ী সবার ব্যয়ের ব্যাপারে পরিকল্পনা করা উচিত।
- ৫) সময়ের আগে পরিকল্পনা করা হলে ব্যয় কমানো যেতে পারে এবং গরিব ব্যক্তিরও কিছু সঞ্চয় করতে পারবেন।
- ৬) ব্যক্তির ব্যর্থ হতে পারেন কিন্তু নিরুৎসাহিত হবেন না। আবার পরিকল্পনা করুন এবং আপনার লক্ষ্য অর্জন করুন।



আর্থিক পরিকল্পনা - II

পোস্টার ২

ভবিষ্যতের জন্য পরিকল্পনা আর্থিক লক্ষ্য স্থির করা

লক্ষ্য		আবশ্যিক অর্থ
I. স্বল্প মেয়াদী লক্ষ্য ধার শোধ করা		টাকা. ২৫,০০০
II. মধ্য মেয়াদী লক্ষ্য উৎপাদনশীল সম্পত্তি কেনা - গরু		টাকা. ২৫,০০০
III. দীর্ঘ মেয়াদী লক্ষ্য		
সন্তানদের উচ্চ শিক্ষার ব্যবস্থা করা (১০ বছরের পর)		টাকা. ৫০,০০০
কন্যার বিবাহ (১৫ বছরের পর)		টাকা. ১,০০,০০০
দীর্ঘ মেয়াদী লক্ষ্যের জন্য আবশ্যিক মোট অর্থ		টাকা. ১,৫০,০০০

এটি অর্জন করার জন্য পরিকল্পনা

একজন মহিলা প্রয়োজনের তালিকা তৈরি করার সময়
নিম্নলিখিতগুলি তার মধ্যে যোগ করতে পারে

কত টাকা
প্রতি মাসে আলাদা
রাখতে হবে, যাতে
সময় মতো প্রয়োজনগুলি
পূরণ করা যায়?

(iv)

কত দিনের মধ্যে
আপনি আপনার প্রয়োজনগুলি
পূরণ করবেন?

**আর্থিক
পরিকল্পনা**

(iii)

(i)

**এটির
দাম কত?**

(ii)

বর্তমানে এটির জন্য কি কোনও
টাকা সঞ্চয় করা হয়েছে

আর্থিক পরিকল্পনার কাজের জন্য নির্দেশ আপনার ব্যয়ের পরিকল্পনা করুন

I. উদ্দেশ্য:

অংশগ্রহণকারীদের বর্তমান খরচ করার অভ্যাসের পর্যালোচনা।

আবশ্যিক জিনিস: ওয়ার্ক শিটের এবং পোস্টার – ‘আপনার ব্যয়ের পরিকল্পনা করুন’ –এর মুদ্রিত প্রতিলিপি

II. পদক্ষেপ:

১. সবাই ভাবেন যে দরিদ্রদের আয় কম হওয়ার জন্য তারা সঞ্চয় করেন না। প্রশিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যে তারা কীভাবে ব্যয় করছে এবং কিসের জন্য ব্যয় করছে, তা কি তারা লক্ষ্য করে দেখেছেন।
২. তাদেরকে ওয়ার্কশিট দেখান এবং জিজ্ঞাসা করুন, প্রতি মাসে ৫০০০ টাকা / ৮০০০ টাকা স্থির আয় সহ বিভিন্ন ব্যক্তিদের জন্য পোস্টারে উল্লেখিত প্রতিটি জিনিসের ওপর প্রতি মাসে তারা কত টাকা খরচ করেন।
৩. ৩জন অংশগ্রহণকারীদের বেছে নিন। তাদের হাতে ওয়ার্কশিটের একটি প্রতিলিপি দিন এবং তাদের বর্তমান ব্যয়ের জন্য কলাম ৪ এবং প্রস্তাবিত ব্যয়ের জন্য কলাম ৬ পূরণ করতে বলুন।
৪. এই কাজটি করার পর, তারা কোনও টাকা সঞ্চয় করেছেন কিনা তা তিনজন অংশগ্রহণকারীকে জিজ্ঞাসা করুন। একজন ব্যক্তি বলতে পারেন যে তার কোনও সঞ্চয় নেই। অন্য ব্যক্তি বলতে পারেন যে তিনি কিছু টাকা সঞ্চয় করেছেন। ব্যক্তিকে জিজ্ঞাসা করুন যে সে কীভাবে স্বল্প অর্থ সঞ্চয় করেছেন এবং কীভাবে সঞ্চয় করতে সফল হয়েছে।
৫. সময় সময়ে তাদের ব্যয়ের ওপর নজর রাখা কতটা গুরুত্বপূর্ণ তা বোঝান (মাসিক)। দুটি পরিবারে একই সদস্য সংখ্যা এবং পরিস্থিতি হলেও, তাদের ব্যয় করার পদ্ধতি আলাদা হতে পারে, তার ওপর গুরুত্ব দিন। একটি পরিবার পরিকল্পনার সাথে সবসময় কিছু সঞ্চয় করতে পারে, অন্য দিকে, অন্য পরিবার পরিকল্পনার অভাবে সঞ্চয় নাও করতে পারেন।

III. ফলাফল:

গ্রাহকরা বুঝতে পারেন যে তাদের বর্তমান খরচের ব্যাপারে কীভাবে আবার চিন্তাভাবনা করতে হবে। তারা জানতে পেরেছেন যে কেন তারা সঞ্চয় করতে পারছেন না এবং যদি সঠিক পরিকল্পনা করা হয় তাহলে তারা তাদের মাসিক আয়ের থেকে সঞ্চয় করতে পারবেন।

মূল বক্তব্য

- ১) প্রয়োজন, দরকার এবং বদভ্যাসগুলি চিহ্নিত করার জন্য বর্তমান ব্যয়ের ওপর আবার চিন্তাভাবনা করুন।
- ২) সঠিক এবং উপযুক্ত পরিকল্পনা ও ব্যয়, স্বল্প টাকা সঞ্চয় করতে সাহায্য করে।
- ৩) সময় এবং টাকা একবার ব্যয় করা হলে আর ফিরে আসবে না। এটি আর কখনই ফিরে আসবে না। তাই ব্যয় করার আগে ভেবে দেখুন।



আর্থিক পরিকল্পনার কাজ

পরিকল্পনা করে ব্যয় করুন - পোস্টার - ৩

পরিমাণ টাকায়

১	২	৩	৪	৫	৬
ক্র. সং.	বিবরণ	ছবি	বর্তমান ব্যয়ের পরিমাণ	বিশ্লেষণ, প্রয়োজন/ দরকার/বদভ্যাস	প্রস্তাবিত ব্যয়ের পরিমাণ
১.	মাসিক আয়				
২.	খাবার				
৩.	চা/কফি				
	মদ, জুয়া, সিগারেট, পান				
৪.	জামা কাপড়				
৫.	জল/বিদ্যুৎ/মোবাইল রিচার্জ				
৬.	বাড়ির মেরামতি				
৭.	অলঙ্কার/গয়না কেনা				
৮.	উৎসব				
৯.	স্কুলের বেতন এবং বই				
১০.	সামাজিক উপলক্ষ্যে উপহার দেওয়া				
১১.	তীর্থযাত্রা/ভ্রমণে যাওয়া				
১২.	অসুস্থতা/ওষুধ				
১৩.	মোট ব্যয় (২ থেকে ১২-এর যোগফল)				
১৪.	সঞ্চয়/ধার (১-১৩)				
১৫.	মন্তব্য/যথেষ্ট কিনা				

বিচক্ষণতার সাথে ব্যয় করা – I

পোস্টার – ৪ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

অংশগ্রহণকারীরা বুঝতে পারেন যে কীভাবে টাকা প্রয়োজনীয় এবং অপয়োজনীয় কারণের জন্য খরচ হচ্ছে এবং যার ফলে তারা সঞ্চয় করতে পারছেন না।

II. পদক্ষেপ:

১. ছবি (৪এ) দেখান এবং বোঝান যে কীভাবে আবশ্যিক এবং অনাবশ্যিক জিনিসের জন্য তাদের টাকা খরচ করা হচ্ছে।
২. প্রয়োজন, চাহিদা এবং বদভ্যাসের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করুন। তাদের পার্থক্যগুলি বোঝাতে বলুন।
৩. ছবি (৪বি) দেখান এবং জিজ্ঞাসা করুন অন্যান্য সদস্যরা ব্যয় করার কথা চিন্তা করার সময় পরিবারের প্রধান কীভাবে পরিবারের সদস্যদের অপেক্ষা করতে বলছেন।
“খরচ করার আগে দু’বার ভাবুন”
৪. আয় এবং ব্যয়ের মধ্যে সামঞ্জস্যের প্রয়োজন দেখানোর জন্য ছবি (৪সি) দেখান। কীভাবে কোনও চিন্তাভাবনা ছাড়া ব্যয় তাদেরকে সমস্যায় ফেলছে, সেই অভিজ্ঞতার ব্যাপারে তাদেরকে বলতে বলুন।

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা ব্যয় করার আগে চিন্তা করার প্রয়োজনের ব্যাপারে বুঝতে পারেন।

মূল বক্তব্য

- ১) প্রয়োজন, চাহিদা এবং বদভ্যাসের মধ্যে ব্যয় বিস্তৃতভাবে বিশ্লেষণ করা যেতে পারে। বিলাসিতার মধ্যে দরকার ও বদভ্যাসের ভিতর একগুচ্ছ ব্যয়ও থাকে।
- ২) সবাইকে গুরুত্ব অনুযায়ী এই শ্রেণীগুলিতে ব্যয়ের মধ্যে পার্থক্য করতে হবে।
- ৩) ব্যয় করার বিভিন্ন সময় এবং গুরুত্বের ব্যাপারে পরিবারের সদস্যদের নিজেদের মধ্যে আর্থিক বিষয়ে আলোচনা করা উচিত।
- ৩) আজকে টাকা সঞ্চয় করলে, আগামী দিনে আপনার উপকার হবে।



বিচক্ষণতার সাথে ব্যয় করা - I

পোস্টার ৪


বিচক্ষণতার সাথে ব্যয় করা



ব্যয় করার আগে দু'বার ভাবুন



আপনার আয়ের চেয়ে বেশি ব্যয় করবেন না



বিচক্ষণতার সাথে ব্যয় করা - II

পোস্টার - ৫ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

প্রয়োজন, চাহিদা এবং বদভ্যাসের মধ্যে পার্থক্য বোঝার জন্য তাদেরকে সক্ষম করা।

II. পদক্ষেপ:

১. অংশগ্রহণকারীদের ছবি (এ) - ট্রাফিক সিগন্যাল দেখান, ব্যয় করার সময় তাদেরকে সিগন্যাল পোস্টের কথা মনে রাখতে বলুন।
২. ছবি (এ)তে দেওয়া পদ্ধতি মেনে চলে তাদেরকে পোস্টার ৩-এ করা পরিকল্পনার কাজটি একই ভাবে আবার করতে বলুন। তাদেরকে সংশোধিত পরিমাণটি ওয়ার্কশিটের প্রস্তাবিত কলাম (৫)-এ লিখতে বলুন।
৩. কীভাবে উপযুক্ত পরিমাণে খরচ করার কারণে সঞ্চয় হয়েছে সে ব্যাপারে তাদের মতামত নিন, তাদেরকে ছবি (বি) দেখান এবং এই বিষয়টি বোঝান “আপনি যত কম ব্যয় করবেন তত বেশি সঞ্চয় করবেন”।

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা বুঝতে পারেন যে ব্যয়ের ওপর নিয়ন্ত্রণ থাকলে সঞ্চয় করা সম্ভব। তারা বুঝতে পারেন যে একই আয় সহ একজন ব্যক্তি নিম্নলিখিতের মাধ্যমে বেশি সঞ্চয় করতে পারে:

১. বদভ্যাসের জন্য খরচ করা এড়িয়ে চলা
২. দরকারের ওপর খরচ করা কমানো

মূল বক্তব্য

- ১) আপনি প্রত্যেক বার ব্যয় করার সময় ট্রাফিক সিগন্যাল ছবির কথা মনে রাখার মাধ্যমে ব্যয় নিয়ন্ত্রিত এবং সীমাবদ্ধ রাখার ব্যাপারে শিখুন।
- ২) নিজস্ব সঞ্চয়ের বৃদ্ধি হলে এবং জমা হলে, একজন কোনও ঋণগ্রহণ ছাড়াই নিজে থেকে অপ্রত্যাশিত ব্যয় বহন করতে পারবেন।
- ৩) চাহিদাগুলি সীমিত করে এবং বদভ্যাস এড়িয়ে চলে সঞ্চয় বৃদ্ধি করা যেতে পারে।
- ৪) ব্যয় করার আগে ভালভাবে ভাবুন এবং ব্যয় কমান এবং আয়ের মধ্যে ব্যয়কে সীমিত রাখুন।



বিচক্ষণতার সাথে ব্যয় করা - II

পোস্টার ৫

প্রয়োজন, চাহিদা এবং বদভ্যাসের জন্য ব্যয় করা




কৃ.সী: :
রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

(ক)

ব্যয় করার আগে
দু'বার ভাবুন

(খ)

আপনি যত কম ব্যয় করবেন, তত বেশি সঞ্চয় করবেন



আপনার টাকা নিম্নলিখিতের জন্য ব্যয় করুন



শিক্ষা



সম্পত্তি



চিকিৎসাগত ব্যয়

কৃ.সী: :
রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

পোস্টার - ৬ ব্যবহার করার জন্য নির্দেশ এবং গুলি খেলা

I. উদ্দেশ্য:

সঞ্চয়ের মূল মন্ত্রের ব্যাপারে তাদেরকে বোঝানো - “যত তাড়াতাড়ি, তত ভাল”
‘একেবারে না হওয়ার চেয়ে দেরিতে হওয়া ভাল’ “কোনও পরিমাণই স্বল্প নয়” “সঞ্চিতে অর্থের পরিণামের চেয়ে নিয়মিত সঞ্চয় বেশি গুরুত্বপূর্ণ”

পদ্ধতি: গুলি খেলা - আবশ্যিক জিনিস: ১০০টি গুলি/পেবেল এবং ৪টি স্বচ্ছ প্লাস্টিকের বোতল।

II. পদক্ষেপ:

- এটি খেলার জন্য ৩জন অংশগ্রহণকারীকে অংশগ্রহণ করতে বলুন। তাদের একটি জায়গা থেকে একবারে একটি মার্বেল তুলতে হবে এবং অন্য দিকে রাখা বাক্সে ফেলতে হবে।
- অনুমতি দিন: অংশগ্রহণকারী এ-কে প্রথমে আরম্ভ করতে দিন, ধরুন দুপুর ৩টে সময়।
দুপুর ৩টে ৫-এ অংশগ্রহণকারী বি আরম্ভ করবে।
দুপুর ৩টে ৭-এ অংশগ্রহণকারী সি আরম্ভ করবে।
- ৩টে ১০শে খেলা বন্ধ করে দিন। খেলার শেষে অংশগ্রহণকারীকে গুলির সংখ্যা গুনতে বলুন।
- ‘এ’-র কাছে সবচেয়ে বেশি গুলি থাকবে তার পর বি-এর কাছে এবং তার পর সি-এর কাছে।
- অন্যান্য অংশগ্রহণকারীকে এ-র সাফল্যের কারণের ব্যাপারে জিজ্ঞাসা করুন, তারা বলবেন এ আগে আরম্ভ করেছে। সঞ্চয়ের মূল মন্ত্র “যত তাড়াতাড়ি তত ভাল” ব্যাখ্যা করুন। একজন ব্যক্তি যিনি জীবনে অল্প বয়স থেকে সঞ্চয় করা আরম্ভ করেন, তিনি বেশি টাকা সঞ্চয় করতে পারেন - নিয়মিতভাবে স্বল্প পরিমাণ হলেও। সঞ্চয় করার জন্য ‘কোনও পরিমাণই স্বল্প নয়’ - এই বিষয়েও তাদেরকে বোঝান।
- অন্য ৩জন অংশগ্রহণকারীদের সঙ্গে একই খেলাটি খেলুন। তাদেরকে ইচ্ছে মতো যতটা সম্ভব গুলি তুলতে দিন, যদি তারা একটিও গুলি ফেলে দেন তাহলে কিন্তু তারা খেলার থেকে বাইরে হয়ে যাবেন। যে ব্যক্তি সবশেষে আরম্ভ করবেন সে বেশি গুলি তোলার চেষ্টা করবে। সঞ্চয় আরম্ভ করার জন্য তাদেরকে ‘একেবারে না হওয়ার থেকে দেরিতে হওয়া ভাল’ মন্ত্রটি বোঝান কিন্তু যে ব্যক্তি দেরিতে আরম্ভ করেন তাকে বেশি পরিমাণে সঞ্চয় করতে হয়।
- কচ্ছপ এবং খরগোশের পোস্টার ৪ দেখান। তাদেরকে বোঝান যে কীভাবে ধীর গতির কচ্ছপ দৌড়ে জিতেছে। সবাই বলবেন যে কচ্ছপ কোনও বিরতি না নিয়েই দৌঁড়েছে এবং খরগোশ বিরতি নিয়েছে। অংশগ্রহণকারীদেরকে স্পষ্টভাবে বলুন যে সঞ্চয় আরম্ভ করার জন্য কোনও অর্থই স্বল্প নয়, যদি তারা তাদের আর্থিক লক্ষ্য অর্জন করার জন্য কোনও বিরতি না নিয়ে সঞ্চয় করেন।

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা নিয়মিত সঞ্চয়ের মূল মন্ত্রগুলির ব্যাপারে বুঝতে পারেন।

মূল বক্তব্য




- নিয়মিত সঞ্চয় করাকে একটি ভাল অভ্যাস হিসেবে তৈরি করতে হবে।
- আরম্ভ করার জন্য কোনও পরিমাণই স্বল্প নয় কিন্তু সঞ্চয়ের সাথে-সাথে এটি বৃদ্ধি করার প্রয়াস করুন।
- সঞ্চয় করা এক টাকা, উপার্জিত দু’ টাকার সমান।



বুদ্ধিমানের মতো সঞ্চয় করা - II

পোস্টার ৬

বেশি সঞ্চয় করার জন্য তাড়াতাড়ি আরম্ভ করুন



অধ্যবসায়ের
ফলেই
সফল্যের
লাভ ঘটে....

বুদ্ধিমানের মতো সঞ্চয় করা – II

পোস্টার – ৭ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

১. অপ্রথাগত জায়গায় টাকা সঞ্চয় করার ঝুঁকির ব্যাপারে অংশগ্রহণকারীদের শিক্ষিত করুন।
২. সুদ সহ মূল টাকা হারানোর ক্ষতির থেকে তাদেরকে সুরক্ষিত রাখার জন্য।
৩. আর্থিক প্রতারণার থেকে তাদেরকে সুরক্ষিত রাখার জন্য।

II. পদক্ষেপ:

১. ছবি দেখান: (এ) বাড়িতে সঞ্চিত টাকা, বন্ধুর, বেসরকারি চিট ফান্ড ইত্যাদিতে রাখা টাকার ক্ষেত্রে তাদের অভিজ্ঞতা জানাতে বলুন।
২. তাদের অভিজ্ঞতার ভিত্তিতে বিভিন্ন জায়গায় তাদের টাকা রাখার ফলে ক্ষতির ঝুঁকি/সম্ভাবনার ব্যাপারে আলোচনা করুন।
৩. এই ছবিগুলির ব্যাপারে তাদেরকে বলুন: (খ) স্বনির্ভর গোষ্ঠীর প্রয়াসের জন্য সদস্যরা সঞ্চয় করতে আরম্ভ করেছেন

বিবরণ	নিরাপত্তা	প্রয়োজনের সময় উপলব্ধতা	আয়	সুদের হার	লেনদেনের নথি বা সাক্ষী	লোন পাওয়ার সম্ভাবনা
বাড়ির মধ্যে (বাক্স/ ট্রাংক)	না	হ্যাঁ	শূন্য	শূন্য	শূন্য	না
একজন বন্ধু	না	না	না	শূন্য	না	না
মহাজন	না	না	না	কম	না	বেশি মূল্যে
সম্পত্তি কেনা	হ্যাঁ	না	হয়ত	প্রয়োজ্য নয়	হ্যাঁ	কম
সোনা বা রূপো কেনা	হ্যাঁ	না	হয়ত	প্রয়োজ্য নয়	শূন্য	হ্যাঁ
চিট ফান্ড	না	না	কম	বেশি	না	হ্যাঁ, বেশি মূল্যে
স্বনির্ভর গোষ্ঠী	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
ডাক ঘর	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	মেয়াদ অনুযায়ী	হ্যাঁ	-
ব্যাঙ্ক	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	৪% সেভিংস ব্যাঙ্ক, মেয়াদী জমা-মেয়াদের ভিত্তিতে ভিন্ন হয়	হ্যাঁ	হ্যাঁ

- #### III. ফলাফল:
- সবাই বুঝতে পেরেছেন যে স্বনির্ভর গোষ্ঠী এবং ব্যাঙ্কে টাকা রাখাই হল তাদের সঞ্চয় বিনিয়োগ করার উৎকৃষ্ট উপায়।

মূল বক্তব্য

- ১) সঞ্চয় নিরাপদভাবে ব্যাঙ্ক/স্বনির্ভর গোষ্ঠীতে রাখতে হবে।
- ২) এটি ব্যক্তিগত বা বেসরকারি সংস্থায় রাখা উচিত নয়, তারা বেশি লাভ প্রদান করার প্রস্তাব দিলেও।



বুদ্ধিমানের মতো সঞ্চয় করা - II

পোস্টার ৭

সঞ্চয় নিরাপদ হওয়া উচিত



আপনার কষ্টার্জিত টাকা হারাবেন না
সবসময় ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা রাখবেন



স্বনির্ভর গোষ্ঠী বা
ব্যাঙ্কে টাকা রাখুন

সঞ্চয় থেকে যেন আরও বেশি আয় হয়

সাধারণ এবং চক্রবৃদ্ধি হারে সুদের গণনা এবং ব্যাখ্যা

I. উদ্দেশ্য:

তাদের চক্রবৃদ্ধি হারে সুদের শক্তির ব্যাপারে বোঝানো। শুধুমাত্র মূলধন থেকেই সুদ পাওয়া যায় তা নয় বরং উপার্জিত সুদ পুনরায় বিনিয়োগ করলে আরও সুদ পাওয়া যায়।

II. পদক্ষেপ:

প্রশিক্ষার্থীদের পোস্টার অনুযায়ী গণনার পদ্ধতি বোঝান।

১০০০ টাকা বিনিয়োগকারী একজন ব্যক্তি 'এ', ২০০০ টাকা পাবেন (১০০০ টাকা মূলধন + সাধারণ সুদের আওতায় ১০ বছরের মেয়াদের জন্য ১০০০ টাকা সুদ)

চক্রবৃদ্ধিহারে সুদের আওতায় বিনিয়োগকারী একজন ব্যক্তি ২৫৯৩.৭৪ টাকা পাবেন (১০০০ মূলধন + ১৫৯৩.৭৪ সুদ) যা ১০ বছরের পর একজন ব্যক্তির প্রাপ্য পরিমাণের চেয়ে বেশি।

যদি সুদ না তুলে নেওয়া হয় এবং মূলধনের সাথে পুনরায় বিনিয়োগ করা হয় তাহলে কীভাবে টাকার বৃদ্ধি হয় তা বোঝান।

III. ফলাফল:

লোকেরা সাধারণ এবং চক্রবৃদ্ধিহারে সুদের ব্যাপারে বুঝতে পারেন।

মূল বক্তব্য

১) আপনার টাকা থেকে আরও বেশি আয় করার জন্য চক্রবৃদ্ধিহারে সুদের যোজনায় টাকা জমা করুন।



সঞ্চয় থেকে যেন আরও বেশি আয় হয়

জমার ওপর
সাধারণ এবং চক্রবৃদ্ধি হারে সুদ

পরিমাণ টাকায়

সুদের চার্ট	ব্যক্তি এ			ব্যক্তি বি		
	মূলধন	সাধারণ সুদ	মোট	মূলধন	চক্রবৃদ্ধি হারে সুদ	মোট
১ম বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১১০০	১০০০	১০০	১১০০
২য় বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১২০০	১১০০	১১০	১২১০
৩য় বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৩০০	১২১০	১২১	১৩৩১
৪র্থ বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৪০০	১৩৩১	১৩৩	১৪৬৪.১০
৫ম বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৫০০	১৪৬৪.১০	১৪৬.১০	১৬১০.৫১
৬ষ্ঠ বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৬০০	১৬১০.৫১	১৬১.০৫	১৭৭১.৫৬
৭ম বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৭০০	১৭৭১.৫৬	১৭৭.১৬	১৯৪৮.৭২
৮ম বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৮০০	১৯৪৮.৭২	১৯৪.৮৭	২১৪৩.৫৯
৯ম বর্ষ সমাপ্তি	১০০০	১০০	১৯০০	২১৪৩.৫৯	২১৪.৩৬	২৩৫৭.৯৫
১০ম বর্ষ সমাপ্তি	১০০০	১০০	২০০০	২৩৫৭.৯৫	২৩৫.৭৯	২৫৯৩.৭৪
১০ বর্ষ সমাপ্তিতে মোট প্রাপ্য			২০০০			২৫৯৩.৭৪
পার্থক্য						৫৯৩.৭৪

উপার্জিত টাকা



চিন্তা ভাবনা করে ধার নেওয়া - I

পোস্টার - ৮ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

উৎপাদক এবং অনুৎপাদক ঋণের মধ্যে ফারাক চিহ্নিত করার জন্য অংশগ্রহণকারীদের সাহায্য করে।

II. পদক্ষেপ:

১. অংশগ্রহণকারীদের পোস্টার ৮ দেখান এবং জিজ্ঞাসা করুন, উৎপাদক এবং অনুৎপাদক ধার নেওয়া বলতে তারা কী বোঝেন। পরিশোধ করার সময় দুটি ছবির মহিলাদের পরিস্থিতি বোঝান।
২. তাদেরকে কয়েকটি উদাহরণ বলতে বলুন।
৩. উদাহরণ দেখিয়ে পার্থক্য ব্যাখ্যা করুন।
৪. পরিস্থিতি I এবং II-এর অবস্থান ব্যাখ্যা করতে বলুন।
৫. সর্বশেষে যে বক্তব্যটি তুলতে হবে সেটি বেছে নিন।
৬. পরিস্থিতি I-এ তার কাছে অতিরিক্ত আয় থাকবে এবং তার মধ্যে থেকে একটি অংশ সে ধার শোধ করার জন্য ব্যবহার করবে।
৭. পরিস্থিতি II-এ, ঋণের কিস্তি দেওয়ার জন্য তার কাছে কোনও অতিরিক্ত টাকা থাকবে না। হয়ত সে সম্পত্তি বিক্রি করবে বা লোন পরিশোধ করার জন্য কারোর থেকে ধার নেবে।

III. ফলাফল:

তারা উৎপাদক উদ্দেশ্যে ঋণ নেওয়া এবং অনুৎপাদক উদ্দেশ্যে ধার নেওয়ার মধ্যে পার্থক্যের ব্যাপারে জানতে পারেন। পরবর্তীকালে, অংশগ্রহণকারী মহিলারা অফলপ্রসূ উদ্দেশ্যে ধার নেওয়া এড়িয়ে চলবেন।

মূল বক্তব্য

- ১) সবসময় কেবল উৎপাদক উদ্দেশ্যের জন্য ধার নেবেন।
- ২) উৎপাদক উদ্দেশ্যে ঋণ নেওয়ার ফলে আরও বেশি সম্পত্তি সৃষ্টি হয় এবং আরও বেশি আয় হয় এবং ঋণ পরিশোধ করার পর আরও বেশি আয় হয়।
- ৩) অনুৎপাদক উদ্দেশ্যে ঋণ নিলে আয়ের, সম্পত্তির ক্ষতি হবে এবং ঋণের ফাঁদে পড়বেন।



পোস্টার ৮

খার নেওয়ার উদ্দেশ্য

পরিস্থিতি - I

উৎপাদক

উৎপাদক উদ্দেশ্যে
খার নেওয়া



টাকা আয় করা



ঋণ পরিশোধ করা



সঞ্চয় আরম্ভ করা



সঞ্চয় বিনিয়োগ করা



আরও বেশি আয় করা



পরিস্থিতি - II

অনুৎপাদক

অনুৎপাদক উদ্দেশ্যে
খার নেওয়া



সুদ পরিশোধ করা



ঋণ পরিশোধ করতে না পারা



আরও ঋণ নেওয়া



সম্পত্তি বিক্রি করা



ঋণ কবলে পড়া



চিন্তা ভাবনা করে ঋণ নেওয়া - I

পোস্টার - ৯ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

বেসরকারী ঋণদাতা এবং ব্যাঙ্কের সুদের হারের পার্থক্যের ব্যাপারে অংশগ্রহণকারীদের সচেতন করা।

II. পদক্ষেপ:

১. তাদেরকে পোস্টার ৯ দেখান এবং জিজ্ঞাসা করুন বেসরকারি ঋণদাতার থেকে ঋণ নেওয়া এবং স্বনির্ভর গোষ্ঠী/ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার ক্ষেত্রে তাদের অভিজ্ঞতা কী ধরনের।
২. তাদেরকে জিজ্ঞাসা করুন যে তিনি যখন কিছু কিনতে যাবেন তখন তিনি জিনিসের দাম দেখবেন কিনা? তারা কি ঋণ নেওয়ার সময় একই কাজ করেন। তাদেরকে বোঝান যে সুদের হার, ঋণের মূল্য নির্ধারণ করে।
৩. বেসরকারি ঋণদাতা/বন্ধক ধারক ঋণদাতাদের দ্বারা উল্লেখিত মাসিক হার এবং ব্যাঙ্ক দ্বারা উল্লেখিত বার্ষিক সুদের হারের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করুন।
৪. কীভাবে ঋণদাতারা লোন থেকেই প্রথম মাসের/৩ মাসের অগ্রিম সুদ নিয়ে, ঋণের পরিমাণ কমিয়ে দেয় এবং সুদের কার্যকরী হার বাড়িয়ে দেয় তা ব্যাখ্যা করুন।

III. ফলাফল:

তাদেরকে বেসরকারি ঋণদাতা এবং স্বনির্ভর গোষ্ঠী/ব্যাঙ্কের সুবিধার ব্যাপারে সচেতন করা হয়েছে।

মূল বক্তব্য

- ১) স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের বা গ্রামের গরীব লোকেদের বেসরকারি ঋণদাতাদের থেকে ঋণ নেওয়া উচিত নয় কারণ তারা অনেক বেশি সুদের হার, ফ্ল্যাট হার নেয় এবং লুকনো শর্তাবলি থাকে ও ফলে ধারের ফাঁদে পড়তে হয়।
- ২) ব্যাঙ্ক স্পষ্ট শর্তাবলী, কম সুদের হার, ক্রমহ্রাসমান সুদের হারপ্রদান করে এবং সম্পত্তির বৃদ্ধি ও জীবনের সুবিধাকে উৎসাহিত করে।



চিত্তা ভাবনা করে ধার নেওয়া - I

পোস্টার ৯

ভুল ঋণ বনাম
বুদ্ধিসম্পন্ন ঋণ

মহাজন




কোনও চুক্তি নেই

ব্যাঙ্ক



চুক্তি সহ



সুদ

প্রতি মাসে



সুদ

প্রতি বছরে



সম্পত্তি হারানো



সম্পত্তির নির্মাণ

কৃ.সী:
রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

চিন্তা ভাবনা করে ধার নেওয়া – I

পোস্টার – ১০ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

কীভাবে দায়িত্বহীন ভাবে ঋণ নেওয়া একজন ব্যক্তিকে নষ্ট করে দিতে পারে, তা তাদেরকে দেখানো।

II. পদক্ষেপ:

১. পোস্টার দেখান এবং তাদের অতিরিক্ত ধারের বোঝা সহ লোকের অবস্থা জিজ্ঞাসা করুন।
২. অংশগ্রহণকারীদেরকে জিজ্ঞাসা করুন তারা গ্রামের মধ্যে কোথা থেকে ঋণ নেন।
৩. ঋণ নেওয়ার পর তাদের যে সমস্যার সম্মুখীন হতে হয়।
৪. প্রতিক্রিয়াগুলির সম্পর্কে আলোচনা করুন এবং কীভাবে ধারের বোঝা একজন ব্যক্তিকে শারীরিক এবং মানসিক ভাবে ক্ষতিগ্রস্ত করে তা ব্যাখ্যা করুন।

III. ফলাফল:

তারা বিভিন্ন উৎস থেকে একাধিক ঋণ নেওয়ার অসুবিধার ব্যাপারে সচেতন হয়ে ওঠেন।

ধারের বোঝা একজনকে দুঃস্থ বানিয়ে দিয়েছে

সীতা তার দিল্লীতে কর্মরত স্বামী রামের সঙ্গে খুব সুখের জীবন কাটাচ্ছিল, তার স্বামী প্রতি মাসে তাকে ৫০০০ টাকা পাঠাত। সে খুবই ভালভাবে তার পুরনো বাড়ির লেনের কিস্তি শোধ করছিল, পরিবারের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করছিল এবং রেকারিং ডিপোজিটে প্রতি মাসে ১০০০ টাকা জমাচ্ছিল।

এর পর তার প্রতিবেশী তাকে বিভিন্ন বুদ্ধি দিতে আরম্ভ করেন যেমন তাদের বাড়ি খুব পুরনো এবং তার মর্যাদা ও গর্বের সঙ্গে মিলছে না। সে একজন মহাজনের কাছ থেকে অতিরিক্ত লোন নিয়ে তার বাড়ি বড় করার সিদ্ধান্ত নেন।

এই সময়, হঠাৎ হৃদরোগের কারণে রামকে চাকরি ছেড়ে বাড়ি ফিরে আসতে হয়। ধার জমতে থাকে, মহাজন সীতা ও রামকে তাদের বাড়ি বিক্রি করে ধার শোধ করার হুমকি দেয়। এই পরিবার শুধু একটি বড় বাড়িই হারায় নি, বরং তাদের বংশগত ছোট জমিও হারিয়েছেন এবং একটি ছোট ভাড়া বাড়িতে থাকতে আরম্ভ করেছেন।

এটা কেবল সীতার কাহিনী নয়, এরকম অনেক পরিবার আমাদের গ্রামে থাকে।

অনুগ্রহ করে ধার নেওয়ার সময় সাবধান থাকবেন।

মূল বক্তব্য

- ১) অপ্রয়োজনীয় ধার এড়িয়ে চলতে হবে এবং একজন ব্যক্তির নিজের জন্য ঋণের ফাঁদ তৈরি করা উচিত নয়।
- ২) মহাজন এবং/বা বেশি সুদের হারে ঋণ নেওয়া এড়িয়ে চলবেন।
- ৩) বিভিন্ন উদ্দেশ্যে একাধিক এজেন্সি থেকে ঋণ নেওয়া এড়িয়ে চলা উচিত।



চিন্তা ভাবনা করে ঋণ নেওয়া - III

পোস্টার ১০

ঋণের বোঝা



আপনার ঋণ আয়ত্রে রাখুন নাহলে
ঋণ আপনার ক্ষতি করবে

কৃ.সী.স
রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

চিন্তা ভাবনা করে ধার নেওয়া – IV

পোস্টার – ১১ ব্যবহার করার জন্য নির্দেশ

ভাল ঋণ – কোথা থেকে ঋণ নিতে হবে

I. উদ্দেশ্য:

স্বনির্ভর গোষ্ঠী বা ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়াই ঋণ নেওয়ার উৎকৃষ্ট পদ্ধতি তা স্পষ্টভাবে ব্যাখ্যা করার জন্য।

II. পদক্ষেপ:

পোস্টার ১১ দেখান এবং অংশগ্রহণকারীদেরকে ব্যাখ্যা করুন।

i) মহাজন, বন্ধক রেখে ধার নিলে যা হবে

- উচ্চ সুদ বা চার্জ
- বিশাল বোঝা এবং ঋণের ফাঁদ
- সম্পত্তি হারানো
- মর্যাদা এবং সম্মানের হানি
- সমাজে নিজের ক্ষতি

ii) স্বনির্ভর গোষ্ঠী বা ব্যাঙ্ক থেকে ধার নিলে যা হবে

- উপযুক্ত বা কম সুদ
- সঠিক নথিপত্র
- অতিরিক্ত আয়
- লোন/পরিশোধ ব্যবস্থাপনার জন্য নির্দেশ এবং সাহায্য
- আর্থিক উন্নতি
- সমাজে সামাজিক মর্যাদা বা প্রতিচ্ছবি উন্নতি করে

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা বুঝতে পারেন যে তাদের স্বনির্ভর গোষ্ঠী/ব্যাঙ্ক থেকে ধার নেওয়া উচিত এবং মহাজনের কাছে যাওয়া এড়িয়ে চলা উচিত।

মূল বক্তব্য

- ১) স্বনির্ভর গোষ্ঠীর কেবল ব্যাঙ্ক বা স্বনির্ভর গোষ্ঠীর থেকে ঋণ নেওয়া উচিত।
- ২) বেসরকারী উৎসগুলি অনেক বেশি চার্জ করছে এবং গোপন শর্তাবলীও রয়েছে।
- ৩) বেসরকারী উৎসগুলি লোকেদের ফাঁদে ফেলা ও লুণ্ঠন প্রকৃতির হয় এবং তারা আপনার সম্পত্তি নেওয়ার চেষ্টা করে।



পোস্টার ১১

কোথা থেকে ঋণ নিতে হবে



স্বনির্ভর গোষ্ঠী



বেসরকারি উৎস



উৎখাত!!!



চিন্তা ভাবনা করে ঋণ নেওয়া – V

আপনার ঋণ নেওয়ার খরচ জানুন

ঋণের ওপর সুদ

ফ্ল্যাট এবং ডিমিনিশিং পদ্ধতি

ব্যাখ্যা

I. উদ্দেশ্য:

বিভিন্ন মাধ্যমে মহাজন দ্বারা চার্জ করা সুদের গণনা করার জন্য অংশগ্রহণকারীদেরকে অংশগ্রহণ করানো এবং হ্রাসযোগ্য সুদের হার বনাম ফ্ল্যাট সুদের হারের সুবিধার ব্যাপারে বোঝানো।

II. পদক্ষেপ:

নিম্নলিখিতের মতো ছোট উদাহরণ দিয়ে ইলাস্ট্রেশন-শিটটি ব্যাখ্যা করুন

একজন ব্যক্তি প্রতি বছর ১০% সুদের হারে ১০,০০০ টাকা ধার নেন, যা ৫ বছরের মধ্যে পরিশোধ করতে হবে। তাকে প্রতি বছর ২০০০ টাকা মূল ধন পরিশোধ করতে হবে।

১. মহাজন ফ্ল্যাট সুদের হার চার্জ করেন। মানে প্রতি বছর বছর ১০০০ টাকা সুদ দিতে হবে এবং মোট সুদ ৫০০০ টাকা এসে দাঁড়াবে। মোট পরিশোধিত টাকার অঙ্ক হবে ১০০০০ টাকা + ৫০০০ টাকা - ১৫০০০।
২. একই পরিমাণ হ্রাসযোগ্য ব্যালেন্স পদ্ধতিতে নেওয়া হয়েছে। তাই প্রথম বছরের সুদ হবে ১০০০ টাকা। প্রথম বছরের সমাপ্তিতে ঋণগ্রহিতা ২০০০ + ১০০০ সুদ পরিশোধ করেন। তাহলে দ্বিতীয় বছরের মূলধন হবে ৮০০০ টাকা। দ্বিতীয় বছরের জন্য সুদ হবে ৮০০ টাকা। একইরকম ভাবে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম বছরের জন্য এটি ৬০০, ৪০০ এবং ২০০ হবে। মোট সুদের পরিমাণ হল ৩০০০ টাকা। তাহলে ঋণগ্রহিতা ১০০০০ টাকা মূলধন এবং ৩০০০ টাকা সুদ প্রদান করেছেন। ফ্ল্যাট সুদের হারের ক্ষেত্রে ১৫,০০০ টাকার তুলনায় এই ক্ষেত্রে মোট পরিশোধের পরিমাণ হল ১৩০০০ টাকা।

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা এখন জানেন যে তাদেরকে হ্রাসযোগ্য ব্যালেন্স পদ্ধতিতে কম সুদ দিতে হবে। তাই, তারা সুনিশ্চিত করবেন যে হ্রাসযোগ্য ব্যালেন্স পদ্ধতিতে নেওয়া ঋণের সুদের হার কম হয়।

মূল বক্তব্য

- ১) সুদ আরোপ করার দুটি পদ্ধতি আছে – ফ্ল্যাট এবং ডিমিনিশিং।
- ২) সুদ আরোপ করার ফ্ল্যাট পদ্ধতি হল পরিশোধের সম্পূর্ণ মেয়াদের জন্য সম্পূর্ণ মূল ধনের ওপর সুদ হিসাব করা।
- ৩) সুদ আরোপ করার ডিমিনিশিং পদ্ধতি হল বকেয়া মূলধন/দায়ের ওপর সুদ চার্জ করা। এটি বিভিন্ন ভিত্তি হতে পারে যেমন দৈনিক, মাসিক এবং বার্ষিক। ব্যাঙ্ক সাধারণত দৈনিক ডিমিনিশিং পদ্ধতিতে সুদ আরোপ করে।
- ৪) এই দুটির মধ্যে ৪০-৫০% পার্থক্য আছে।



চিন্তা ভাবনা করে ঋণ নেওয়া – V
আপনার ঋণ নেওয়ার খরচ জানুন
ঋণের ওপর সুদ
ফ্ল্যাট এবং ডিমিনিশিং পদ্ধতি

–একটি চিত্র

১. ফ্ল্যাট সুদের হারে লোন পরিশোধ



পরিশোধ	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
মূলধন	ট. ২০০০/-	ট. ২০০০/-	ট. ২০০০/-	ট. ২০০০/-	ট. ২০০০/-
সুদ	ট. ১০০০/-	ট. ১০০০/-	ট. ১০০০/-	ট. ১০০০/-	ট. ১০০০/-

মূলধন

পরিশোধিত মোট অর্থ $২০০০ \times ৫ +$ সুদ $৫০০০ = ১৫০০০/-$

২. হ্রাসযোগ্য সুদের হারে লোন পরিশোধ



পরিশোধ	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
মূলধন	ট. ২০০০/-	ট. ২০০০/-	ট. ২০০০/-	ট. ২০০০/-	ট. ২০০০/-
সুদ	ট. ১০০০/-	ট. ৮০০/-	ট. ৬০০/-	ট. ৪০০/-	ট. ২০০/-

মূলধন

পরিশোধিত মোট অর্থ $২০০০ \times ৫ +$ সুদ $৩০০০ = ১৩০০০/-$

বীমা এবং পেনশন – I

পোস্টার – ১২ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

একজনের জীবনে অপ্রত্যাশিত ঘটনার কারণে আর্থিক প্রভাব এবং এটির জন্য ভবিষ্যত পরিকল্পনার ব্যাপারে তাদেরকে সচেতন করা।

II. পদক্ষেপ:

১. তাদেরকে পোস্টার দেখান এবং এরকম ঘটনা কীভাবে ব্যক্তিদের জীবনকে প্রভাবিত করে তা জিজ্ঞাসা করুন।
২. এরকম ঘটনা দ্বারা প্রভাবিত পরিবারদের প্রকৃত জীবনের অভিজ্ঞতা বলার জন্য তাদেরকে উৎসাহিত করুন।
৩. তাদের জিজ্ঞাসা করুন – এরকম আপৎকালীন পরিস্থিতির জন্য শুধুমাত্র সঞ্চয় কি যথেষ্ট।
৪. কীভাবে এরকম ঘটনা সম্পূর্ণ সঞ্চয় শেষ করে দেবে এবং তাদেরকে মহাজনের কাছে/ধার নেওয়ার জন্য বাধ্য করবে তা বোঝান।
৫. তাদেরকে জিজ্ঞাসা করুন – একম ঘটনার জন্য প্রস্তুত হওয়ার কি কোনও পদ্ধতি আছে?
৬. নিম্নলিখিত বীমার মাধ্যমে অংশগ্রহণকারীদের জীবন এবং সম্পত্তিকে সুরক্ষিত রাখার প্রয়োজনের ব্যাপারে তাদেরকে বোঝান
 - চিকিৎসাগত বীমা
 - দুর্ঘটনাজনিত বীমা
 - ফসল বীমা
 - জীবন বীমা
 - পশুপালন বীমা
৭. তাদেরকে বিভিন্ন ধরনের বীমার ব্যাপারে বলুন – স্বাস্থ্য, জীবন এবং নন-লাইফ (সাধারণ)। পলিসি, মাস্টার পলিসি, সাম অ্যাশিওর্ড, প্রিমিয়াম, পলিসির নিয়ম, রিনিউয়াল এবং ক্রেইম, সেটেলমেন্ট নমিনেশনের মতো বিষয়ের ব্যাপারে ব্যাখ্যা করুন।

III. ফলাফল:

এরকম আপৎকালীন পরিস্থিতিতে সুরক্ষার প্রয়োজনের ব্যাপারে অংশগ্রহণকারীরা সচেতন হয়েছেন।

মূল বক্তব্য

- ১) অসুস্থতা, দুর্ঘটনা, মৃত্যুর মতো দুর্ভাগ্যজনক ঘটনা গরীব এবং ধনী উভয়ের ক্ষেত্রেই ঘটে কিন্তু একজন গরীবের ওপর এ ধরনের জীবনের ঘটনার আর্থিক প্রভাব অনেক গুরুতর হয়।
- ২) কিছু ক্ষেত্রে অপ্রত্যাশিত এবং দুর্ভাগ্যজনক ঘটনা একজনের জীবন ধ্বংস করে দেয়।
- ৩) আগে থেকে পরিকল্পনা করুন, অপ্রত্যাশিত ঘটনার জন্য সমস্ত সম্পত্তির বীমা করুন।
- ৪) যে ক্ষিমগুলি সাধারণতঃ পাওয়া যায় তা হল জীবন বীমা, দুর্ঘটনাজনিত বীমা, স্বাস্থ্য বীমা, পশুপালনের বীমা এবং ফসল বীমা।
- ৫) বাড়ির বীমা, গাড়ির বীমা, অগ্নিকাণ্ডের জন্য বীমা ইত্যাদির মতো বিভিন্ন ধরনের বীমাও খুব জনপ্রিয়।



বীমা এবং পেনশন - I

পোস্টার ১২

দুর্ভাগ্যজনক ঘটনার জন্য বীমা



অসময় মৃত্যুর জন্য
জীবন বীমা



দুর্ঘটনা বীমা
দুর্ঘটনাজনিত ক্ষতির ক্ষতিপূরণ দেয়



অসুস্থতার জন্য
স্বাস্থ্য বীমা



পশুপাখির মৃত্যুর ক্ষেত্রে
পশুপালন বীমা



ফসল নষ্ট হয়ে গেলে
ফসল বীমা



সম্পত্তির বীমা

বীমার মাধ্যমে নিজেকে সুরক্ষিত রাখার প্রয়োজন

বীমা এবং পেনশন – II

পোস্টার – ১৩ ব্যবহার করার জন্য নির্দেশ

I. উদ্দেশ্য:

গরীব লোকদের জন্য সস্তা প্রিমিয়ামে বীমা এবং পেনশনের মতো বিভিন্ন সামাজিক সুরক্ষা যোজনার ব্যাপারে অংশগ্রহণকারীদের সচেতন করা।

II. পদক্ষেপ:

১. তাদেরকে সমস্ত ছবি দেখান।
২. তাদেরকে নাম চিহ্নিত করতে/পড়তে বলুন।
৩. তারা প্রদর্শিত কোন যোজনার মধ্যে নথিভুক্ত হয়েছে কিনা জিজ্ঞাসা করুন।
৪. সংশ্লিষ্ট ব্যক্তিকে বলতে বলুন যে তারা এই যোজনার ব্যাপারে কতটা জানে।
৫. উল্লেখিত তথ্য সম্পূর্ণ করুন এবং এক এক করে প্রতিটি যোজনার ব্যাপারে ব্যাখ্যা করুন।

III. ফলাফল:

অংশগ্রহণকারীরা নিম্নলিখিতের সম্পর্কে বুঝতে পারবেন

১. সামাজিক সুরক্ষা যোজনার সুবিধা
২. কীভাবে যোজনায় যোগ দিতে হবে
৩. দুর্ভাগ্যজনক ঘটনার ক্ষেত্রে কীভাবে সুবিধা গ্রহণ করতে হবে

মূল বক্তব্য

- ১) **আয়ুস্মান ভারত যোজনা (এবিওয়াই):** এটি গরীবদের জন্য সরকার দ্বারা সহযোগিতা প্রাপ্ত একটি স্বাস্থ্য বীমা। এটির প্রিমিয়ামের টাকা, কেন্দ্র এবং রাজ্য সরকার এক সঙ্গে ভাগ করে দেয়।
- ২) **প্রধানমন্ত্রী জীবন জ্যোতি যোজনা (পিএমজেজেবিওয়াই):** এটি গরীবদের জন্য সরকার দ্বারা সহযোগিতা প্রাপ্ত একটি মেয়াদী বীমা এবং মৃত্যুর ক্ষেত্রে ২০০০০০ টাকা পাবেন এবং প্রিমিয়াম হল প্রতি বছরে ৩৩০ টাকা ও এটি ব্যাঙ্ক থেকে কেটে নেওয়া হবে। যে কোনও কারণে মৃত্যু কভার করা হয়।
- ৩) **প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা (পিএমএসবিওয়াই):** এটি গরীবদের জন্য সরকার দ্বারা সহযোগিতা প্রাপ্ত একটি দুর্ঘটনাজনিত বীমা এবং মৃত্যুর ক্ষেত্রে ২০০০০০ টাকা পাবেন ও স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে এক বা দু লাখ টাকা পাবেন। ব্যাঙ্কে অটো ডেবিটের মাধ্যমে ১২ টাকার প্রিমিয়াম কেটে নেওয়া হয়।
- ৪) **অটল পেনশন যোজনা (এপিওয়াই):** এটি অসংগঠিত ক্ষেত্রের ১৮ থেকে ৪০ বছর বয়সী লোকদের জন্য ভারত সরকার দ্বারা সুনিশ্চিত ন্যূনতম পেনশন যোজনা। এটি যোগদানমূলক পেনশন যোজনা এবং সরকার ৫০% প্রদান করে বা প্রতি ব্যক্তি সর্বাধিক ১০০০ টাকা প্রদান করে। ৬০ বছর বয়সের পর প্রাপ্ত মাসিক পেনশন তাদের মাসিক অংশদানের ওপর ভিত্তি করে প্রতি মাসে ১০০০ টাকা থেকে আরম্ভ করে ৫০০০ টাকা পর্যন্ত হতে পারে।

পৃষ্ঠা ৪৫ থেকে ৫১ পর্যন্ত এই যোজনার ব্যাপারে আরও বিবরণ দেওয়া হয়েছে

এই যোজনাগুলি ব্যাখ্যা করার আগে প্রশিক্ষকদের ভালভাবে পড়তে হবে



বীমা এবং পেনশন – II

পোস্টার ১৩

সামাজিক সুরক্ষা যোজনা বীমা এবং পেনশন



আপনার পরিবারকে সুরক্ষিত রাখুন



প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা

3

আপনার বার্ষিকের জন্য প্রস্তুতি নিন



নতুন ব্যাঙ্কিং অভ্যাস - I

পোস্টার - ১৪ ব্যবহার করার জন্য নির্দেশ

ডিজিটাল/নগদহীন ব্যাঙ্কিং

I. উদ্দেশ্য:

নগদ টাকা ছাড়াই টাকা পাওয়ার এবং প্রদান করার পদ্ধতির ব্যাপারে সচেতনতা সৃষ্টি করা।
 একজন ব্যক্তির কাছে নগদহীন ব্যাঙ্কিংয়ের লাভ/সুবিধাগুলি তুলে ধরা।

II. পদক্ষেপ:

- অংশগ্রহণকারীদেরকে জিজ্ঞাসা করুন যে তারা কোন উপলক্ষ্যে/জায়গায়/উদ্দেশ্যের জন্য নগদ টাকা রাখেন এবং তা দিয়ে পরিশোধ করেন। সাধারণত তারা দোকান, পেট্রোল পাম্প, বেসরকারি হাসপাতাল ইত্যাদির কথা বলবেন। অন্যান্য জায়গায় নগদ টাকা নিয়ে যাওয়ার ঝুঁকির ব্যাপারে বলুন। তাদেরকে বলুন যে তারা নগদ না নিয়েই রুপে কার্ডের মাধ্যমে অর্থ পরিশোধ করতে পারবেন।
ক্যাশলেস লেনদেন করার জন্য তাদের কী কী প্রয়োজন?
 যে জায়গায় ক্যাশলেস লেনদেন করতে পারবেন তা হল:
 ১) AEPS ২) ডেবিট কার্ড ৩) মোবাইল ব্যাঙ্কিং ৪) BHIM
- তাদেরকে বোঝান যে টাকা একজন ব্যক্তিকেও পাঠানো যেতে পারে যেমন যে কোনও জায়গায় অবস্থিত একজন পরিবারের সদস্যকে ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করে ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে ফান্ড ট্রান্সফার (এনইএফটি/আরটিজিএস)-এর মাধ্যমে টাকা পাঠানো যেতে পারে। যদি অ্যাকাউন্ট ধারকের মোবাইল নম্বর, ব্যাঙ্ক অ্যাকাউন্টের মধ্যে রেজিস্টার্ড থাকে তাহলে সে মোবাইল ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা *99# ডায়াল করে প্রাপকের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর এবং আইএফএসসি কোডের মাধ্যমে টাকা পাঠাতে পারবে।
- স্মার্টফোন ব্যবহারকারীরা তাদের মোবাইল নম্বরে ভিম অ্যাপ ডাউনলোড করতে পারেন এবং এটিকে তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের সাথে লিংক করতে পারবেন। ভিম ব্যবহারকারীরা অন্যান্য ভিম ব্যবহারকারীকে টাকা পাঠাতে পারেন এবং তার থেকে টাকা পেতে পারেন।
- একজন ব্যক্তি নগদ ছাড়াই তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পেতে পারেন, তা ব্যাখ্যা করুন।
 ক) যে ব্যক্তি টাকা পাঠাচ্ছেন তাকে অ্যাকাউন্ট নম্বর এবং আইএফএসসি কোড দিয়ে।
 খ) মোবাইল নম্বর দিয়ে মোবাইলের মাধ্যমে নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্টে।
 গ) ব্যাঙ্ক অ্যাকাউন্টের সাথে আধার নম্বর লিংক করার পর যে ব্যক্তির/বিভাগ থেকে তার টাকা পাওয়ার কথা তাকে আধার নম্বর দিয়ে।
- ব্যবহারকারীদের জন্য ক্যাশলেস ব্যাঙ্কিংয়ের সুবিধা
 ক) টাকা ট্রান্সফার (টাকা পাওয়া এবং পাঠানো নিমেষের মধ্যে ঘটে)
 খ) কোনও কাগজের প্রয়োজন নেই
 গ) নগদ নিয়ে যাওয়ার ঝুঁকি নেই
 ঘ) লেনদেনটি ব্যাঙ্ক অ্যাকাউন্টের মধ্যে ইলেক্ট্রনিক্যালি নথিভুক্ত হয়
 ঙ) প্রাপক এবং প্রেরক উভয়েই তৎক্ষণাত তাদের মোবাইল নম্বরে মেসেজ পান
 চ) ব্যবহারকারীর সুবিধাজনক সময় সে নিজেই লেনদেন করতে পারবেন

প্রশিক্ষকদের জন্য পরামর্শ

কয়েকটি লেনদেনের করার জন্য প্রশিক্ষককে তার স্মার্টফোনে ভিম অ্যাপ ডাউনলোড করার পরামর্শ দেওয়া হচ্ছে যা তাকে ক্যাশলেস লেনদেনের করার সুবিধা ব্যাখ্যা করার জন্য ও অংশগ্রহণকারীদেরকে আশ্বস্ত করার জন্য আত্মবিশ্বাস প্রদান করবে।

III. ফলাফল:

অংশগ্রহণকারীদেরকে ক্যাশলেস লেনদেনের করার মাধ্যম এবং তার সুবিধার ব্যাপারে সচেতন করা হয়।



নতুন ব্যাঙ্কিং অভ্যাস - I

পোস্টার ১৪


ডিজিটাল/ক্যাশলেস ব্যাঙ্কিং

নগদ ছাড়া টাকা দিন



রুপে কার্ড

নগদ ছাড়া টাকা পান



পাস বুক



মোবাইল থেকে মোবাইলে টাকা লেনদেন



মোবাইল ব্যাঙ্কিং



ভিম কার্ড



ব্যাঙ্ক অ্যাকাউন্টের সাথে আপনার আধার লিংক করুন

নতুন ব্যাঙ্কিং অভ্যাস - II

পোস্টার - ১৫ ব্যবহার করার জন্য নির্দেশ

আপনার সুবিধে মতো ব্যাঙ্কিং

I. উদ্দেশ্য:

কীভাবে গ্রামের লোকেরা নিজের গ্রামেই ব্যাঙ্কিং লেনদেন করতে পারবেন তা দেখানোর জন্য। তারা যে সমস্ত জায়গায় সাধারণত গিয়ে থাকেন সেখানে প্রয়োজন হলে কীভাবে ব্যাঙ্কিং লেনদেন করতে পারবেন তা ব্যাখ্যা করুন (যেমন ব্লক/জেলা/রাজ্যের রাজধানী/শহর/নগর)। প্রয়োজন।

II. পদক্ষেপ:

১. ব্যাঙ্ক সখীর মাধ্যমে লেনদেন করার নিম্নলিখিত সুবিধাগুলির ব্যাপারে বোঝান
 - ব্যাঙ্কে যাওয়ার জন্য সময় এবং টাকা বাঁচায়
 - দৈনিক মজুরি/আয়ের কোনও লোকসান হয় না
 - মেশিন থেকে তাদের স্থানীয় ভাষায় লেনদেনের বিবরণ পাওয়া যায়
 - তৎক্ষণাত রসিদ প্রিন্ট হয়/ডেলিভার হয়
 - ব্যাঙ্কের সাথে রেজিস্টার করা অ্যাকাউন্ট ধারকের মোবাইল নম্বরে তৎক্ষণাত এসএমএস

কর্মীদের জন্য পরামর্শ

এই কাজের জন্য স্থানীয় বিজনেস প্রতিনিধিকে ডাকা আদর্শ। স্থানীয় গোস্টির সদস্যর কাছে তার পরিচয় দিন এবং প্রকৃত লেনদেন দেখান।

২. এটিএম ব্যবহার করার সময় সাবধানতা
 - ক) কাউকে আপনার এটিএম পিন জানাবেন না (খ) নিজেই এটিএম কার্ড ব্যবহার করবেন।
 - গ) অংশগ্রহণকারীদেরকে বলুন “ব্যাঙ্ক কখনই ফোনের মাধ্যমে এটিএম কার্ডের বিবরণ চায় না”।
৩. পোস্টার ১৪-এর মেশিন দেখান। অনেকগুলি ব্যাঙ্ক, প্রধান নগর এবং শহরের প্রধান জায়গায় এই ধরনের মেশিন বসিয়েছেন তা ব্যাখ্যা করুন।
৪. এই মেশিনের উদ্দেশ্য এবং ব্যবহার, এক এক করে ব্যাখ্যা করুন।
৫. তাদেরকে বোঝান যে নগদ জমা এবং পাসবুক পিনটিংয়ের মতো লেনদেন, যে ব্যাঙ্কে তাদের অ্যাকাউন্ট আছে সেই ব্যাঙ্কের এই মেশিন ব্যবহার করে করা যেতে পারে। তারা তাদের ব্যাঙ্ক এটিএম-এ তাদের রুপে কার্ড ব্যবহার করে নগদ টাকা তুলতে পারেন। অন্যান্য ব্যাঙ্কের এটিএম-এও নগদ টাকা তোলা যেতে পারে কিন্তু গ্রাহকের অ্যাকাউন্ট থেকে সার্ভিস চার্জ কেটে নেওয়া হবে।
৬. এই মেশিনগুলি থেকে টাকা তোলা হলে বা জমা করা হলে গ্রাহকরা তাদের মোবাইল ফোনে তৎক্ষণাত একটি এসএমএস পাবেন।

কর্মীদের/সিআরপি'দের জন্য পরামর্শ

কর্মী/সিআরপি'দের এই মেশিনের মধ্যে নিজের ব্যক্তিগত লেনদেন করার এবং অংশগ্রহণকারীদের কাছে এই মেশিনের ব্যবহার ব্যাখ্যা করার আগে এটির সাথে পরিচিত হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

III. ফলাফল:

গ্রাহকরা বিজনেস প্রতিনিধি, ক্যাস ডিপোজিট মেশিন, এটিএম এবং পাসবুক পিনটিং মেশিনের মাধ্যমে তাদের সুবিধে মতো লেনদেন করার সুবিধার ব্যাপারে সচেতন হয়েছেন।



নতুন ব্যাঙ্কিং অভ্যাস - II

পোস্টার ১৫

আপনার সুবিধে মতো ব্যাঙ্কিং



১. ক্যাশ ডিপোজিট মেশিন



২. এটিএম থেকে টাকা তোলা



৩. পাসবুক প্রিন্টিং

ভাল ব্যাঙ্কিং অভ্যাস

সাঁপ এবং সিঁড়ি খেলা

I. উদ্দেশ্য:

- এত ক্ষণ পর্যন্ত আর্থিক সাক্ষরতার ব্যাপারে অংশগ্রহণকারীরা যা শিখেছেন তা প্রয়োগ করা।
- আর্থিক সাক্ষরতায় “কী করবেন এবং কী করবেন না” – তা নিজে থেকেই শেখার সুযোগ দেওয়া।

আবশ্যিক জিনিস:

- সাঁপ এবং সিঁড়ির বোর্ড, ভিতরের কভার পৃষ্ঠার পোস্টারের মতো। ১০ x ১০ ফ্লেক্স হলে ভাল হয়।
- দুটি পাশা।

প্রক্রিয়া:

- অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ৩ জনের ২টি দল তৈরি করুন।
- প্রতিটি দল থেকে একজন ব্যক্তি বোর্ডের ওপর আরম্ভ করার জায়গায় দাঁড়াবে এবং বন্ধকের মতো চলাফেরা করবেন (খেলোয়াড়)। দ্বিতীয় ব্যক্তি পাশা ছুঁড়বেন (কর্মী)। তৃতীয় ব্যক্তি খেলার শুরু থেকে সমাপ্তি পর্যন্ত কত বার পাশা ছোঁড়া হয়েছে তার সংখ্যা গুনবেন (স্কোরার)।
- কর্মী যে পাশাটি ছুঁড়বেন সেটির সংখ্যা অনুযায়ী খেলোয়াড় চলাফেরা করবেন, যেমনটি নিচে দেওয়া হয়েছে:

পাশার সংখ্যা	খেলোয়াড় যাবেন
১	১ ব্লক
২	২
৩	৩
৪	৪
৫ (-৪)	১
৬ (-৪)	২

- যদি খেলোয়াড় সিঁড়ির ওপর পা দেন, তাহলে তাকে সিঁড়ি অনুযায়ী উপরে উঠতে হবে। যদি খেলোয়াড় সাপের মাথার ওপর পা দেন, তাহলে খেলোয়াড়কে নিচে নামতে হবে।
- যে খেলোয়াড় প্রথমে ১০০তম ব্লক পর্যন্ত পৌঁছবেন তিনি বিজয়ী হবেন এবং যিনি তার পর ১০০তম ব্লক পর্যন্ত পৌঁছবেন তিনি রানার-আপ হবেন। দ্বিতীয় খেলোয়াড় ১০০তম ব্লক-এ পৌঁছনো পর্যন্ত খেলাটি চলবে।
- প্রশিক্ষককে বোঝাতে হবে যে সিঁড়ি দ্বারা প্রদর্শিত ভাল ব্যাঙ্কিং আচরণ কীভাবে একজন খেলোয়াড়কে উপরের দিকে নিয়ে যায়। খেলোয়াড় দ্বারা স্পর্শ করা সমস্ত সিঁড়ির ব্যাপারে বোঝাতে হবে।
- সাপ, খারাপ ব্যাঙ্কিং অভ্যাসের প্রতিনিধিত্ব করে।
- সম্পূর্ণ খেলা চলাকালীন কর্মীকে সক্রিয় থাকতে হবে এবং কমেস্টাররা সিঁড়ির (কী করবেন) ভাল প্রভাব এবং সাপের অসুবিধা (কী করবেন না) বোঝাচ্ছেন তা সুনিশ্চিত করতে হবে।
- তারা দুজনেই ১০০ পর্যন্ত পৌঁছে গেলে খেলাটি শেষ হয়ে যাবে। খেলার প্রবাহ এবং কী কী শেখা গেছে, সে ব্যাপারে তাদের মন্তব্য পর্যবেক্ষককে জানাতে হবে।
- কর্মীকে দলের খেলোয়াড় হিসেবে সদস্যদেরকে জিজ্ঞাসা করতে হবে, খেলাটি খেলার সময় তাদের কী রকম অনুভূতি হয়েছে।



চলছে

সাপ এবং সিঁড়ি খেলা

খেলার পর: কর্মীকে সমস্ত অংশগ্রহণকারীকে ধন্যবাদ জানাতে হবে এবং নিম্নলিখিত অনুযায়ী শেখার বিষয়ের ব্যাপারে বলতে হবে।

১. সিঁড়ি, ভাল অভ্যাস/‘কী করবেন’-এর প্রতিনিধিত্ব করে এবং সাপ, ‘কী করবেন না’/খারাপ ব্যাঙ্কিং অভ্যাসের প্রতিনিধিত্ব করে।
২. একজন ব্যক্তি যিনি সঠিক কাজ করেন/‘কী করবেন’-এর পালন করেন তিনি তাড়াতাড়ি বা দ্রুত আর্থিক উন্নতির লক্ষ্য অর্জন করবেন। একজন ব্যক্তি যিনি ‘কী করবেন না’-এর ওপর পা দেবেন (অবাঞ্ছিত কাজ), তিনি উন্নতির পথ থেকে নেমে আসবেন এবং তার লক্ষ্যে পৌঁছাতে দেরি হবে।
৩. যে ব্যক্তি ঘটনা ক্রমে ‘কী করবেন না’ (কোনও অবাঞ্ছিত কাজ করেন)-এর ওপর পা দেবেন, তার কাছে কিন্তু আরও বেশী ‘কী করবেন’ করে এবং ‘কী করবেন না’ এড়িয়ে, ওপরে ওঠার সুযোগ আছে।
৪. সাপ এবং সিঁড়ি খেলা আর্থিক সাক্ষরতার সম্পূর্ণ বক্তব্য এবং একজন ব্যক্তির সমৃদ্ধির প্রতি পথ প্রদান করে।

শেখার বিষয়

নিম্নলিখিত শেখার বিষয়গুলির ব্যাপারে প্রশিক্ষককে জোরে জোরে পড়ে দলকে শোনাতে হবে।



সিঁড়ি

থেকে পর্যন্ত

প্রক্রিয়া

বক্তব্য

ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা

৭ থেকে ২৪

ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুললে আর্থিক উন্নতির সুযোগ পাওয়া যায়।

ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুললে আমরা আমাদের টাকা সুরক্ষিত রাখতে পারব। এটি আর্থিক পরিকল্পনাতেও সাহায্য করে।

ব্যাঙ্ক অ্যাকাউন্টে আধার লিংক করলে

১৩ থেকে ৩৫

সরকারি সুবিধে সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো যাবে।

আধার ব্যবহার করে টাকা তোলা যাবে, পরিশোধ করা যাবে এবং পাঠানো যাবে।

তাদের স্মার্টফোনের মধ্যে পে এবং ভিম অ্যাপে আধার ব্যবহার করা যাবে।

রুপে কার্ড নেওয়া

২০ থেকে ৩৯

যে কোনও দিন, যে কোনও সময় টাকা তোলা যেতে পারে।

নগদ না ব্যবহার করে দোকানে, পেট্রোল পাম্প, হাসপাতাল ইত্যাদিতে কেনাকাটা এবং পরিষেবার জন্য পেমেন্ট করা যেতে পারে।

ব্যাঙ্কের অ্যাকাউন্টে লেনদেন

৩০ থেকে ৫২

এটি সঞ্চয় করার অভ্যাস তৈরি করে।

এটি ব্যাঙ্ক এবং কর্মীর সঙ্গে সম্পর্ক স্থাপন করতে সাহায্য করে।

এটি প্রাপ্ত এবং ব্যয় করা টাকার হিসেব রাখে।

পিএমজেজেবিওয়াই এবং পিএমএসবিওয়াই যোজ্ঞায় যোগ দেওয়া

৪৪ থেকে ৬৩

দুর্ভাগ্যজনক ঘটনায় এটি পরিবারের সাহায্য করে।

এটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে লেনদেন করার অভ্যাস তৈরি করে।

ভাল ব্যাঙ্কিং অভ্যাস

কৌশল বিকাশ প্রশিক্ষণ

৫১ থেকে ৭১

এটি ইতিবাচক অভ্যাস, আবশ্যিক দক্ষতা অর্জন এবং জ্ঞান লাভ করতে সাহায্য করে।
এটি একটি নির্দিষ্ট কাজ করতে সাহায্য করে এবং একটি স্বনিযুক্তির সংস্থা স্থাপন করে।
এটি একটি আয় সৃষ্টিকারী কাজ লাভের সাথে ব্যবস্থা করতে শিখতে সাহায্য করে।

অটল পেনশন যোজনা অ্যাকাউন্ট খোলা

৫৯ থেকে ৮০

এটি নিয়মিত বাধ্যতামূলক সঞ্চয়ে সাহায্য করে।
এটি ব্যাঙ্ক অ্যাকাউন্টের মধ্যে লেনদেনের অভ্যাস তৈরি করে।
এটি বৃদ্ধ বয়সে নিয়মিত আয় পেতে সাহায্য করে।
একজন ব্যক্তির মৃত্যুর ক্ষেত্রে পরিবারের কাছে মোট টাকা পাওয়ার সুবিধা।

আয় সৃষ্টি কাজের জন্য ঋণ

৬৫ থেকে ৮৭

এটি আজীবিকা এবং উৎপাদনশীল সম্পত্তি তৈরি করতে সাহায্য করে। এটি একজনের ক্ষমতা এবং সময় উপযোগী ভাবে ব্যবহার করতে সাহায্য করে।

ঋণের অর্থের সঠিক ব্যবহার

৭২ থেকে ৯৩

এটি ঋণের দ্রুত পরিশোধ নিশ্চিত করে।
এটি ঋণগ্রহিতার প্রতি ব্যাঙ্কের আত্মবিশ্বাস বৃদ্ধি করে।
এটি সম্পূর্ণক আয় প্রদান করে।

নিয়মিত পরিশোধ

৭৭ থেকে ৯৮

এটি ধারের বোঝা কম করে।
এটি আত্মবিশ্বাস বৃদ্ধি করে।
এটি উচ্চ ক্রেডিট স্কোর প্রদান করে।
এটি ঋণ নেওয়ার জন্য এবং জীবনযাপনের স্তর উন্নত করার জন্য আরও বেশি সুযোগ প্রদান করে।

লোন আপডেট ও রিফেজ করা

৮৪ থেকে ৯৭

এটি সঠিক রিপেমেন্ট রেকর্ড স্থির করতে সুযোগ প্রদান করে।
এটি জরিমানা এবং আইনী পদক্ষেপ এড়িয়ে চলে।



সাপ

শেখার বিষয়

থেকে পর্যন্ত প্রক্রিয়া

বক্তব্য

৩৪ থেকে ৪

ব্যাঙ্ক অ্যাকাউন্টে কোনও লেনদেন নেই
ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যায়।
ব্যাঙ্কের সঙ্গে কোনও সম্পর্ক থাকে না।
প্রয়োজনের সময় ব্যাঙ্কের সঙ্গে লেনদেন করতে অসুবিধে হবে।

রুপে কার্ড না ব্যবহার করা

৪১ থেকে ১৭

এটি নগদের ওপর নির্ভরতা বৃদ্ধি করে।
কেবল ব্যাঙ্কিং সময়েই লেনদেন করা যাবে।

ভাল ব্যাঙ্কিং অভ্যাস

থেকে পর্যন্ত

প্রক্রিয়া

বক্তব্য

ব্যাঙ্ক অ্যাকাউন্টে কোনও সঞ্চয় নেই

৬২ থেকে ২৫

ব্যক্তির কোনও সঞ্চয়ের অভ্যাস নেই।
যদি ঋণ দেওয়া হয় তাহলে নিয়মিতভাবে কিস্তি দেওয়া যায় না।
ব্যাঙ্ক থেকে লোন পাওয়ার সম্ভাবনা নষ্ট হয়ে যায়।

একাধিক লোন নেওয়া

৭০ থেকে ৩৬

মাসিক কিস্তি পরিশোধ করতে অসুবিধা হয়।
কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হলে জরিমানামূলক সুদ দিতে হয়।
এটি মানসিক চাপ সৃষ্টি করে।

লোন অপব্যবহার করা

৭৪ থেকে ৪৮

কিস্তি দেওয়ার জন্য কোনও অতিরিক্ত টাকা থাকে না।
সম্পত্তি সৃষ্টি হয় না।
ঋণগ্রহিতার প্রতি ব্যাঙ্কের বিশ্বাস চলে যায়।
এর ফলে আইনি/পুলিসী ব্যবস্থা নিতে হয়।

কিস্তি প্রদান করতে ব্যর্থ হওয়া

৭৯ থেকে ২৮

যদি একটি কিস্তি অপব্যবহার করা হয় তাহলে সেটির বোঝা পরবর্তী সময়ে দুটি কিস্তির ওপর পড়বে।
পরিশোধ করার অসুবিধার বৃদ্ধি হবে।
এটির ফলে জরিমানা হয়।
খারাপ পরিশোধ রেকর্ডের ফলে পরবর্তীকালে লোনের জন্য অযোগ্য হয়ে পড়েন এবং খারাপ ক্রেডিট স্কোর দেওয়া হয়।

ব্যাঙ্কে যাওয়া এড়ানো

৮৫ থেকে ৪৫

কিস্তি দিতে ব্যর্থ হলে ব্যক্তি ব্যাঙ্কে যায় না।
সে ব্যাঙ্কের কর্মীকে নিজের অবস্থা বোঝানোর সুযোগ পায় না এবং তাদের পরামর্শও পায় না।
রিফেজমেন্টের সুযোগ নষ্ট হয়ে যায়।

ব্যাঙ্কের সঙ্গে কোনও লেনদেন নেই

৯১ থেকে ৭৩

এই লোনটি নন পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হয়ে যায়।
ঋণগ্রহিত ডিফল্টার হয়ে যায়।
ব্যাঙ্ক আইনি পদক্ষেপ নেওয়া আরম্ভ করে।

অন্য লোন নিয়ে একটি লোন পরিশোধ করা

৯৫ থেকে ৬৭

প্রথম লোনটি সঠিক ভাবে ব্যবহার করা হয় না।
দ্বিতীয় লোনটিও একই রকম ভাবে ব্যবহার করা যেতে পারে।
ঋণগ্রহিতা ধারের ফাঁদে ফেলে যায়।

সাঁপ এবং সিঁড়ি খেলার বোর্ড

আর্থিক উন্নতি		ভাল রেকর্ড/ ফ্লোর	আপনার রেকর্ড সঠিক রাখা		95 অন্য লেন নিয়ে একটি লেন পরিশোধ করা		অতিরিক্ত আয়		91 ব্যাঙ্কের সঙ্গে কোনও লেনদেন নেই
100	99	98	97	96	94	93	92	90	
→			লেন আপডেট/রিফেজ করা	85 ব্যাঙ্কে যাওয়া এড়ানো	উন্নত জীবন			↑	
81 বৃদ্ধ বয়সে নিয়মিত আয়	82 কিন্তি দিতে বার্থ	83	84 নিয়মিত পরিশোধ	86	87	88 লেন এনপিএ-তে পরিবর্তিত হয় আইনি পদক্ষেপ	89	80 ব্যবসায় সাফল্য	
80 →	79 বৃদ্ধ বয়সে নিয়মিত আয়	78	77	76	75	74	73	72	
↑		পরিবারের যত্ন নেওয়া		65 প্রকৃত ভাবে আয় সৃষ্টি করার জন্য ব্যাঙ্ক লেন	66	67 ধারের ফাঁদে ফেলে যায়		71 ↑	
61	62	63	64	65	66	67	68	69	
↑				56	55	54	53	52 ব্যাঙ্কের সঙ্গে সম্পর্ক	
60 পেনশন যোজনায় যোগ দেওয়া	59	58	57	56	55	54	53	52	
→			44 পিএমজেজেবিওয়াই এবং সুরক্ষা বিমায় নথিভুক্ত হওয়া	45	46	47	48	49	
41	42	43	44	45	46	47	48	49	
↑		২৪ ঘন্টা ব্যাঙ্কিং		45	46	47	48	49	
40	39	38	37	36	35	34	33	32	
→			আর্থিক উন্নতির দ্বার	36	35	34	33	32	
21	22	23	24	25	26	27	28	29	
↑			ব্যাঙ্কের কাজের সময়/সাক্ষরের ওপর নির্ভর	25	26	27	28	29	
20	19	18	17	16	15	14	13	12	
→				16	15	14	13	12	
1	2	3	4	5	6	7	8	9	
↑			আ্যাকাউন্ট খোলার কোনও উপযোগিতা নেই	5	6	7	8	9	
আরম্ভ করুন						ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা		11	
1	2	3	4	5	6	7	8	9	10



আরসেটি-এ
 প্রশিক্ষার্থীরা
 সাঁপ এবং সিঁড়ি
 খেলছেন





আয়ুস্মান ভারত একটি জাতীয় স্বাস্থ্য সুরক্ষা যোজনা

এটি ১০ কোটি গরীব এবং বঞ্চিত লোকদের কভার করে ও আনুষঙ্গিক আর টারশিয়ারি কেয়ার হসপিটালাইজেশনের জন্য প্রতি পরিবারকে ৫ লাখ টাকা পর্যন্ত কভারেজ প্রদান করবে।

বৈশিষ্ট্য

- আয়ুস্মান ভারত – জাতীয় স্বাস্থ্য সুরক্ষা মিশনের মধ্যে প্রতি বছর প্রতি পরিবারের জন্য ৫ লাখ টাকার বিনিফিট কভার থাকবে।
- এই যোজনার সুবিধাগুলি সম্পূর্ণ দেশে নেওয়া যেতে পারে এবং এই যোজনার আওতায় থাকা সুবিধাপ্রাপকের পরিবারের সদস্যদের সারা দেশের যে কোনও সরকারি/বেসরকারি নথিভুক্ত হাসপাতাল থেকে নগদ বিহীন হসপিটালাইজেশন নেওয়ার অনুমতি দেওয়া হবে।
- আয়ুস্মান ভারত – জাতীয় স্বাস্থ্য সুরক্ষা মিশন একটি অধিকার ভিত্তিক যোজনা।
- চিকিৎসার জন্য সমস্ত পেমেন্ট প্যাকেজ রেট (আগে থেকে সরকার দ্বারা ব্যাখ্যা করা হবে) ভিত্তিতে করা হবে।
- এই যোজনাটির বাস্তবায়ন করার জন্য রাজ্যের কাছে স্টেট হেলথ এজেন্সি (এসএইচএ) থাকতে হবে।
- নীতি আয়োগের অংশীদারিত্বে – একটি মজবুত, মডিউলার, মাপযোগ্য এবং ইন্টারঅপারেবল আইটি প্ল্যাটফর্ম কার্যকরী করা হবে, যা সম্পূর্ণ পেপারলেস, ক্যাশলেস লেনদেন হবে।

ব্যয়

- প্রিমিয়াম পেমেন্টের খরচ কেন্দ্র এবং রাজ্য সরকারের মধ্যে ভাগ করে প্রদান করবেন।

যোগ্যতা

- সামাজিক-আর্থিক জাতি ভিত্তিক জনসংখ্যার তথ্যে দরিদ্র এবং বঞ্চিত হিসেবে চিহ্নিত লোকেরা যোগ্য।



প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা (পিএমজেজেবিওয়াই)

যোজনার বিবরণ:

- এটি একটি বীমা যোজনা যা যে কোনও কারণে মৃত্যুর ক্ষেত্রে জীবন বীমা প্রদান করে।
- এই যোজনাটি ব্যাঙ্কের সাথে গাটছড়া বেঁধে এলআইসি এবং অন্যান্য জীবন বীমা কোম্পানির মাধ্যমে পরিচালনা করা হবে।
- অংশগ্রহণকারী ব্যাঙ্কের সমস্ত ১৮ থেকে ৫০ বছর বয়সী অ্যাকাউন্ট ধারক ব্যক্তির যোগ্য।
- কভারের মেয়াদ প্রতি বছরের ১লা জুন, থেকে ৩১শে মে পর্যন্ত।

সুবিধা: যে কোনও কারণের জন্য সদস্যের মৃত্যুর ওপর ২ লাখ টাকা দেয়।

প্রিমিয়াম: প্রতিটি সদস্যের জন্য প্রতি বছরে ৩৩০ টাকা

- এই পলিসিটি হল ব্যাঙ্ক দ্বারা একটি মাস্টার পলিসি এবং এলআইসি/অন্যান্য কোম্পানি দ্বারা পরিচালনা করা হয়।
- প্রবেশ করার বয়স হল ৫০ বছর পর্যন্ত এবং কভারেজ হল ৫৫ বছর পর্যন্ত।
- পলিসি ধারকের যে কোনও ব্যাঙ্কের সাথে অ্যাকাউন্ট খাকতে হবে এবং প্রতি বছরের মে মাসে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে ৩৩০ টাকার প্রিমিয়াম কেটে নেওয়া হয়।
- পলিসি ধারককে তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে আবশ্যিক ব্যালেন্স রাখতে হবে।
- সদস্যরা যোজনাটি চলাকালীন প্রতি বছরে অটো ডেবিটের জন্য এক-কালীন অনুমতি দিতে পারেন।
- অ্যাকনোলোজমেন্ট স্লিপটি একটি অ্যাকনোলোজমেন্ট-কাম-সার্টিফিকেট অফ ইন্স্যুরেন্স হিসেবে রূপান্তর করা যেতে পারে।
- দাবি, যদি থাকে, তবে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাঙ্ক শাখায় জমা করতে হবে।



প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা (পিএমসেবিওয়াই)

যোজনার বিবরণ:

- এটি একটি দুর্ঘটনা বীমা যোজনা, যা দুর্ঘটনাজনিত মৃত্যু এবং অক্ষমতার কভার প্রদান করে
- ব্যাঙ্কের সাথে গাঁটছড়া বেঁধে সরকারি-বেসরকারি ক্ষেত্রে জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির মাধ্যমে প্রদান করা হয়
- ১৮ থেকে ৭০ বছর বয়সী যে কোনও সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট ধারক যোগ্য
- এই কভারটি প্রতি বছরে ১লা জুন থেকে ৩১শে মে পর্যন্ত এক বছরের মেয়াদের জন্য থাকবে।

সুবিধা: নিম্নলিখিত টেবল অনুযায়ী:

	সুবিধার তালিকা	বীমাকৃত রাশি
ক.	মৃত্যু	২ লাখ টাকা
খ.	দুটি চোখের সম্পূর্ণ বা অপূরণীয় ক্ষতি বা দুটি হাত বা পায়ের ব্যবহারের ক্ষতি বা একটি চোখের ক্ষতি এবং একটি হাত বা পায়ের ক্ষতি	২ লাখ টাকা
গ.	একটি চোখের সম্পূর্ণ বা অপূরণীয় ক্ষতি বা একটি হাত বা পায়ের ব্যবহারের ক্ষতি	১ লাখ টাকা

প্রিমিয়াম: প্রতি সদস্যের জন্য প্রতি বছর ১২ টাকা। প্রতি বছর মে মাসে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হবে। অ্যাকাউন্ট ধারককে যথেষ্ট ব্যালেন্স রাখতে হবে।

মাস্টার পলিসি ধারক: বীমা মাস্টার পলিসি অংশগ্রহণকারী ব্যাঙ্কের নামে থাকবে।

১) প্রদত্ত অ্যাকনোলেজমেন্ট স্লিপটি অ্যাকনোলেজমেন্ট স্লিপ-কাম-সার্টিফিকেটঅফ ইন্স্যুরেন্স হিসেবে রূপান্তর করা হয়

২) সংশ্লিষ্ট ব্যাঙ্ক শাখার মাধ্যমে ক্লেম জমা করতে হবে। যদি কোনও প্রতিকূল ঘটনা ঘটে তাহলে তাড়াতাড়ি ব্যাঙ্ক সাহায্য যোগাযোগ করুন।



অটল পেনশন যোজনা

- সরকার ১৮-৪০ বছর পর্যন্ত অসংগঠিত কর্মীদের জন্য ন্যূনতম সুনিশ্চিত পেনশন যোজনা আরম্ভ করেছে!
- যোগদানের সময় বয়স এবং গৃহীত প্রিমিয়ামের পরিমাণ অনুযায়ী ফিক্সড পেনশন অর্থ ১০০০ টাকা থেকে ৫০০০ টাকার মধ্যে হতে পারে।
- ধারকের কাছে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে এবং সরকার মোট অংশদানের ৫০% প্রদান করবে বা প্রতি বছর ১০০০ টাকা দিতে হবে, যেটি কম হবে।
- ধারককে নিয়মিতভাবে প্রিমিয়াম জমা দিতে হবে এবং দেরি করে জমা দিলে জরিমান হবে।
- এই প্রকল্পে অর্থপ্রদান করা বন্ধ করলে ৬ মাসের মধ্যে নিষ্ক্রিয় হয়ে যাবে, ১২ মাসের মধ্যে ডিঅ্যাক্টিভেট হয়ে যাবে এবং ২৪ মাসের মধ্যে বন্ধ হয়ে যাবে।
- ধারক তার অ্যাকাউন্টের জন্য নমিনেশন করতে পারে এবং প্রয়োজন হলে পরিবর্তনও করতে পারেন।
- তারা ব্যাঙ্কের সাথে নিজের মোবাইল নম্বর নথিভুক্ত করতে পারেন এবং এসএমএস তথ্য পেতে পারেন।

৬০ বছর সম্পূর্ণ হওয়ার পর, ধারক তার সাবস্ক্রিপশন পরিমাণ এবং যোগদানের বয়স অনুযায়ী সুনিশ্চিত মাসিক পেনশন পাবেন। কয়েকটি উদাহরণ নিচে দেওয়া হয়েছে।

যোগদানের বয়স	অংশদানের বছর	প্রতিনিধিত্বমূলক মাসিক অংশদান (টাকায়)	ধারক এবং তার স্বামী-স্ত্রী'র জন্য মাসিক পেনশন (টাকায়)	ধারকের নমিনির জন্য প্রতিনিধিত্বমূলক রিটার্ন অফ কর্পাস (টাকায়)
১৮	৪২	৪২	১,০০০	১.৭ লাখ
২০	৪০	৫০	১,০০০	১.৭ লাখ
২৫	৩৫	৭৬	১,০০০	১.৭ লাখ
৩০	৩০	১১৬	১,০০০	১.৭ লাখ
৩৫	২৫	১৮১	১,০০০	১.৭ লাখ
৪০	২০	২৯১	১,০০০	১.৭ লাখ

যোগ দেওয়ার বয়স	অংশদানের বছর	প্রতিনিধিত্বমূলক মাসিক অংশদান (টাকায়)	ধারক এবং তার স্বামী-স্ত্রী'র জন্য মাসিক পেনশন (টাকায়)	ধারকের নমিনির জন্য প্রতিনিধিত্বমূলক রিটার্ন অফ কর্পাস (টাকায়)
১৮	৪২	৮৪	২,০০০	৩.৪ লাখ
২০	৪০	১০০	২,০০০	৩.৪ লাখ
২৫	৩৫	১৫১	২,০০০	৩.৪ লাখ
৩০	৩০	২৩১	২,০০০	৩.৪ লাখ
৩৫	২৫	৩৬২	২,০০০	৩.৪ লাখ
৪০	২০	৫৮২	২,০০০	৩.৪ লাখ

যোগ দেওয়ার বয়স	অংশদানের বছর	প্রতিনিধিত্বমূলক মাসিক অংশদান (টাকায়)	ধারক এবং তার স্বামী-স্ত্রী'র জন্য মাসিক পেনশন (টাকায়)	ধারকের নমিনির জন্য প্রতিনিধিত্বমূলক রিটার্ন অফ কর্পাস (টাকায়)
১৮	৪২	১২৬	৩,০০০	৫.১ লাখ
২০	৪০	১৫০	৩,০০০	৫.১ লাখ
২৫	৩৫	২২৬	৩,০০০	৫.১ লাখ
৩০	৩০	৩৪৭	৩,০০০	৫.১ লাখ
৩৫	২৫	৫৪৩	৩,০০০	৫.১ লাখ
৪০	২০	৮৭৩	৩,০০০	৫.১ লাখ

যোগ দেওয়ার বয়স	অংশদানের বছর	প্রতিনিধিত্বমূলক মাসিক অংশদান (টাকায়)	ধারক এবং তার স্বামী-স্ত্রী'র জন্য মাসিক পেনশন (টাকায়)	ধারকের নমিনির জন্য প্রতিনিধিত্বমূলক রিটার্ন অফ কর্পাস (টাকায়)
১৮	৪২	১৬৮	৪,০০০	৬.৮ লাখ
২০	৪০	১৯৮	৪,০০০	৬.৮ লাখ
২৫	৩৫	৩০১	৪,০০০	৬.৮ লাখ
৩০	৩০	৪৬২	৪,০০০	৬.৮ লাখ
৩৫	২৫	৭২২	৪,০০০	৬.৮ লাখ
৪০	২০	১১৬৪	৪,০০০	৬.৮ লাখ

যোগ দেওয়ার বয়স	অংশদানের বছর	প্রতিনিধিত্বমূলক মাসিক অংশদান (টাকায়)	ধারক এবং তার স্বামী-স্ত্রী'র জন্য মাসিক পেনশন (টাকায়)	ধারকের নমিনির জন্য প্রতিনিধিত্বমূলক রিটার্ন অফ কর্পাস (টাকায়)
১৮	৪২	২১০	৫,০০০	৮.৫ লাখ
২০	৪০	২৪৮	৫,০০০	৮.৫ লাখ
২৫	৩৫	৩৭৬	৫,০০০	৮.৫ লাখ
৩০	৩০	৫৭৭	৫,০০০	৮.৫ লাখ
৩৫	২৫	৯০২	৫,০০০	৮.৫ লাখ
৪০	২০	১,৪৫৪	৫,০০০	৮.৫ লাখ

অ্যানেক্সার – I

আর্থিক সাক্ষরতার ব্যাপারে প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নমালা

প্রশিক্ষার্থীদের নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন

- গত বছরে আপনার এবং আপনার পরিবারের ব্যক্তিগত আয়কে কোনটি সবচেয়ে ভাল গণ্য করা হবে।
 - ৩৬০০০-এর কম
 - ৩৬০০০-৫০০০০ টাকা
 - ৫০০০১ - ১ লাখ
 - ১ লাখের বেশি
- দারিদ্রতার কারণ কী?
 - কম আয়
 - কম সঞ্চয়
 - আকস্মিক ঘটনা যেমন দুর্ভোগ, মৃত্যু, বন্যা, খরা ইত্যাদি
 - উপরোক্ত সমস্ত
- ব্যক্তিগত আর্থিক পরিকল্পনার মধ্যে রয়েছে
 - একটি পর্যাপ্ত আর্থিক নথি রাখা স্থাপন করা।
 - ব্যয় কম করা।
 - ভবিষ্যতের আর্থিক প্রয়োজন এবং লক্ষ্যের জন্য পরিকল্পনা করা।
 - উপরোক্ত সমস্ত।
- ধরুন আপনার বয়স ২০ বছরের আশে পাশে এবং আপনি আগামী ৩০ বছরে সুরক্ষিত রিটায়ারমেন্ট পরিকল্পনা করতে ইচ্ছুক। আপনার পরিকল্পনার মধ্যে নিম্নলিখিতের মধ্যে কোনটি থাকা উচিত নয়?
 - কম আয়
 - কম সঞ্চয়
 - অতিরিক্ত ব্যয়
 - উপরোক্ত সমস্ত
- আপনি অতিরিক্ত ব্যয় করছেন?
 - আপনার অ্যাকাউন্টে যত টাকা আছে যদি আপনি তার চেয়ে বেশি অর্থের চেক দেন।
 - আপনার মাসিক আয় ৩০০০ টাকা এবং আপনি ৩৫০০ টাকা খরচ করছেন।
 - ঋণদাতারা ঘন ঘন আপনাকে ফোন করে।
 - আপনার মাসিক ধার শোধ করার পরিমাণ আপনার মোট আয়ের চেয়ে ৩০% কম।
- কেন সঞ্চয় দরকার?
 - ভবিষ্যতের বিশেষ ঘটনা যেমন বিবাহ, অসুস্থতা ইত্যাদির জন্য।
 - দুর্ঘটনার মতো অপ্রত্যাশিত ঘটনার জন্য আপৎকালীন ফান্ড তৈরি করার জন্য।
 - স্বল্পমেয়াদী অসুবিধার জন্য অপ্রয়োজনীয় ধার এড়ানোর জন্য।
 - উপরোক্ত সমস্ত।



৭. যদি কেউ আপনাকে তাড়াতাড়ি অনেক পরিমাণে টাকা উপার্জন করার সুযোগের প্রস্তাব দেয় তাহলে আপনার অনেক পরিমাণে টাকা হারানোরও সম্ভাবনা থাকে?
- ক. সত্য
খ. মিথ্যা
গ. জানি না
ঘ. বলতে পারছি না
৮. ধরুন আপনি প্রতি বছর ৫% সুনিশ্চিত সাধারণ সুদের হারে সেভিংস অ্যাকাউন্টে ১০০০ টাকা জমা করেছেন। দ্বিতীয় বছরের শেষে কত টাকা জমবে?
- ক. ১১০০ টাকার বেশি
খ. একদম ১১০০ টাকা
গ. ১১০০ টাকার কম
ঘ. জানি না
৯. ধরুন আপনি প্রতি বছর ৫% সুনিশ্চিত চক্রবৃদ্ধি হারে সুদের ডিপোজিটে ১০০০ টাকা জমা করেছেন। দ্বিতীয় বছরের শেষে কত টাকা জমবে?
- ক. ১১০০ টাকার বেশি
খ. একদম ১৫০০ টাকা
গ. ১৫০০ টাকার কম
ঘ. জানি না
১০. প্রয়োজন এবং চাহিদার মধ্যে কি পার্থক্য আছে?
- ক. একটি প্রয়োজন হল প্রয়োজনীয় একটি জিনিস এবং জীবনের জন্য আবশ্যিক
খ. চাহিদা হল আকাঙ্ক্ষা, যা কেনার ইচ্ছে হয় বা যা অনাবশ্যিক
গ. উভয় সঠিক
ঘ. উপরোক্তের মধ্যে কোনওটিই নয়
১১. এই দুটি জিনিসের মধ্যে কোনটি কিনতে হবে তার সিদ্ধান্ত নেওয়ার সময়, একজনের সবসময়?
- ক. কম দামের জিনিসটি বেছে নেওয়া উচিত
খ. সর্বাধিক সুবিধা সহ জিনিসটি বেছে নেওয়া উচিত
গ. দুটি জিনিসের খরচ এবং সুবিধা তুলনা করার পর বেছে নেওয়া উচিত
ঘ. জানি না
১২. নিম্নলিখিতের মধ্যে কোনটি অপ্রয়োজনীয় ব্যয়?
- ক. স্কুল ফিস
খ. মদ
গ. ফ্যান্সি জামাকাপড়
ঘ. ভ্রমণ
১৩. ঋণের বোঝার কারণ কী?
- ক. অফলপ্রসূ কাজের জন্য ঋণ নেওয়া
খ. সর্বাধিক খরচে মহাজনদের থেকে ধার নেওয়া।
গ. প্রাকৃতিক দুর্যোগ যেমন খরা/বন্যা এবং ফসল, পশু পাখি ইত্যাদির মতো সম্পত্তি নষ্ট হয়ে যাওয়া।
ঘ. উপরোক্ত সমস্ত

১৪. ব্যক্তিগত আর্থিক সাক্ষরতা নিম্নলিখিততে সাহায্য করতে পারে

- ক. আর্থিক দুর্নীতির শিকার হওয়া এড়ানোর জন্য।
- খ. মারাত্মক ঝুঁকির থেকে নিজেকে সুরক্ষিত রাখার জন্য সঠিক ধরনের বীমা কেনা।
- গ. আপনার ভবিষ্যতের প্রয়োজনের জন্য বিনিয়োগ করার উদ্দেশ্যে সঠিক পদ্ধতি শেখা।
- ঘ. উপরোক্ত সমস্ত কাজ করা।

১৫. কেন আপনার সামর্থ্য অনুযায়ী ঋণ নেওয়া উচিত?

- ক. আপনার সামর্থ্যের বাইরে ধার নিলে ধারের ফাঁদে পড়তে হবে এবং এর থেকে বেরনো কঠিন।
- খ. যখন আপনি আপনার সামর্থ্যের চেয়ে বেশি টাকা ধার নেন, লোন পরিশোধ করা কঠিন হয়ে যায়।
- গ. সীমিত পরিমাণ ধার নেওয়া হলে, ক্রেডিট স্কোর সৃষ্টিতে সাহায্য পাওয়া যাবে।
- ঘ. উপরোক্ত সমস্ত।

১৬. কেন আপনি কেবল ব্যাঙ্ক থেকেই ঋণ নেওয়া উচিত?

- ক. কম সুদের হার।
- খ. পরিচ্ছন্ন লেনদেন।
- গ. সহজ এবং সুবিধাজনক রিপেমেন্ট।
- ঘ. উপরোক্ত সমস্ত।

১৭. কেন আপনার বেসরকারি মহাজনদের থেকে ঋণ নেওয়া উচিত নয়?

- ক. মহাজন দ্বারা অনৈতিক এবং বেআইনী ব্যবহার।
- খ. ফ্ল্যাট সুদের হার চার্জ করা হয়।
- গ. স্বল্প টাকা ফেরত দিতে না পারলেও সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়।
- ঘ. উপরোক্ত সমস্ত।

১৮. হ্রাসযোগ্য ব্যালেন্স পদ্ধতির সুদের হার নিম্নলিখিতের মধ্যে কার ওপর প্রযোজ্য?

- ক. ঋণগ্রহীতা।
- খ. ব্যাঙ্ক।
- গ. গ্যারেন্টার।
- ঘ. কো অবলিগ্যান্ট।

১৯. ফ্ল্যাট পদ্ধতির সুদের হার নিম্নলিখিতের মধ্যে কার ওপর প্রযোজ্য?

- ক. ঋণগ্রহীতা।
- খ. মহাজন।
- গ. গ্যারেন্টার।
- ঘ. কো অবলিগ্যান্ট।

২০. যদি এই প্রতিটি ব্যক্তির বার্ষিক আয় একই হয়, কোন ব্যক্তির সবচেয়ে বেশি পরিমাণের জীবন বীমা প্রয়োজন?

- ক. দুটি বাচ্চা সহ একজন অল্প বয়সী বিধবা।
- খ. কোনও বাচ্চা ছাড়া একজন অল্প বয়সী অবিবাহিত মহিলা।
- গ. অবসরপ্রাপ্ত স্ত্রী সহ একজন প্রবীণ অবসরপ্রাপ্ত লোক।
- ঘ. বাচ্চা ছাড়া একজন অল্প বয়সী বিবাহিত লোক।



২১. স্বাস্থ্য বীমা হল:

- ক. যে লোকেরা অসুস্থ হন তাদের জন্য।
- খ. একটি অনাবশ্যিক ব্যয় কারণ আপনার এটির প্রয়োজন না হতে পারে।
- গ. আপনার বাজেটের জন্য অবশ্যই ক্রয় করার মতো জিনিস।
- ঘ. পুরুষদের তুলনায় মহিলাদের জন্য বেশি গুরুত্বপূর্ণ

২২. বীমা কেনার প্রধান কারণ হল

- ক. সম্প্রতি হওয়া ক্ষতির থেকে নিজেকে সুরক্ষিত রাখার জন্য।
- খ. আপনাকে উৎকৃষ্ট বিনিয়োগ সুবিধা প্রদান করে।
- গ. ভবিষ্যতের নিরন্তর ক্ষতির থেকে আপনাকে সুরক্ষিত রাখে।
- ঘ. ভুল ক্লেম পূরণ করার মাধ্যমে আপনার জীবনযাপনের স্তর উন্নতি করা।

২৩. মাইক্রো বীমা কার জন্য

- ক. গরীব লোক।
- খ. গ্রামীণ এলাকা।
- গ. স্বল্প পরিমাণ যুক্ত থাকে।
- ঘ. উপরোক্ত সমস্ত।

২৪. কৃষি সম্পর্কিত বীমা হল

- ক. ফসল বীমা।
- খ. পশুপালন বীমা।
- গ. ক এবং খ উভয়।
- ঘ. উপরোক্ত কোনওটিই নয়।

২৫. পেনশন योजना নিম্নলিখিতের মধ্যে কার জন্য প্রয়োজন

- ক. কর্মচারী।
- খ. শ্রমিক।
- গ. ব্যবসায়ী।
- ঘ. সমস্ত ব্যক্তি।

অ্যানেক্সার – II

উত্তর

১. (উত্তর...)
২. ঘ. উপরোক্ত সমস্ত
৩. ঘ. উপরোক্ত সমস্ত
৪. ঘ. উপরোক্ত সমস্ত
৫. ঘ. আপনার মাসিক খার শোধ করার পরিমাণ আপনার মোট আয়ের চেয়ে ৩০% কম।
৬. ঘ. উপরোক্ত সমস্ত
৭. ক. সত্য
৮. খ. একদম ১১০০ টাকা
৯. ক. ১১০০ টাকার বেশি
১০. গ. উভয় সঠিক
১১. গ. দুটি জিনিসের খরচ এবং সুবিধা তুলনা করার পর বেছে নেওয়া উচিত
১২. ক. স্কুল ফিস
১৩. ঘ. উপরোক্ত সমস্ত
১৪. ঘ. উপরোক্ত সমস্ত কাজ করা
১৫. ঘ. উপরোক্ত সমস্ত
১৬. ঘ. উপরোক্ত সমস্ত
১৭. ঘ. উপরোক্ত সমস্ত
১৮. ক. ঋণগ্রহীতা
১৯. খ. ঋণদাতা
২০. ক. দুটি বাচ্চা সহ একজন অল্প বয়সী বিধবা
২১. গ. আপনার বাজেটের জন্য অবশ্যই ক্রয় করার মতো জিনিস
২২. গ. ভবিষ্যতের নিরন্তর ক্ষতির থেকে আপনাকে সুরক্ষিত রাখে।
২৩. ঘ. উপরোক্ত সমস্ত
২৪. গ. এ এবং বি উভয়
২৫. ঘ. সমস্ত ব্যক্তি



NATIONAL ACADEMY OF RUDSETI

Sponsors: SDME Trust, Syndicate Bank & Canara Bank

2nd Floor, Chitrapur BHavan, 15th Cross, 8th Main, Malleshwaram
Bengaluru - 560003, Phone - 080 2346 2875 Fax : 2346 2876

E-mail: info@rudsetacademy.org / Website : www.rudsetacademy.org

Not for Sale For Internal Circulation Only